**প**থের পাঁচালী থেকে অস্কার. বিজ্ঞাপন শিল্পী থেকে চলচ্চিত্রের মহারাজা। বর্তমান প্রজন্মের কাছে তিনিই ছিলেন সম্ভবত একমাত্র বিরল প্রতিভার মানুষ। যাঁর প্রতিভার আলোয় উদ্ভাসিত হয়েছে কেবলমাত্র চলচ্চিত্র নয়; সাহিত্য, সঙ্গীত এবং বঙ্গ সংস্কৃতির নানা দিক। তিনি সত্যজিৎ রায়। ১৯২১ সালের ২রা মে তিনি কলকাতার গড়পার রোডের বাড়িতে জন্মগ্রহণ করেন। পাঁচ বছর বয়স পর্যন্ত এই বাড়িতেই সত্যজিতের ছোটবেলা কেটেছে। সত্যজিতের জন্মের ছ-বছর আগেই ১৯১৫ সালে ৫২ বছর বয়সে ঠাকুরদা উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর মৃত্যু হয়। উপেন্দ্রকিশোরের বড়ছেলে সুকুমার রায় ছিলেন সত্যজিতের বাবা আর মায়ের নাম সুপ্রভা রায়। সত্যজিতের জন্মের কিছুদিনের মধ্যেই তাঁর বাবা সুকুমার রায় কালাজ্বরে আক্রান্ত হন। আড়াই বছর ধরে তিনি রোগে ভোগেন। তখন কালাজ্বরের কোন চিকিৎসা ছিল না। মাত্র ছত্রিশ বছর বয়সে ১৯২৩ সালে সুকুমার রায়ের মৃত্যু হয়।

পাঁচ বছর গড়পাড়ের বাড়ি থেকে তাঁরা চলে আসেন ভবানীপুরের বকুলবাগানে। এরপর বালিগঞ্জ সরকারি হাইস্কুল থেকে ম্যাট্রিক ও প্রেসিডেন্সি কলেজ থেকে অর্থনীতিতে অনার্সসহ বিয়ে পাস করেন। ১৯৪০ সালে সত্যজিৎ রায় শান্তিনিকেতনে ভর্তি হন। যদিও এর আগে মাত্র আট বছর বয়সে সত্যজিৎ গিয়েছিলেন শান্তিনিকেতনে। তখন কোন একদিন গুরুদেব রবীন্দ্রনাথ একটি অটোগ্রাফের খাতায় একটি কবিতা লিখে দিয়েছিলেন, যেটি পরবর্তীকালে বহু ব্যবহারে বিখ্যাত হয়ে রয়েছে। কবিতাটি হলো –

"বহুদিন ধরে, বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি, বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা
দেখিতে গিয়াছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হতে শুধু দুই পা ফেলিয়া
একটি ধানের শীষের উপরে
একটি শিশির বিন্দু। "

শান্তিনিকেতনে পড়াকালীন সত্যজিৎ কলাভবনে নন্দলাল বসুর সংস্পর্শে আসেন। পরবর্তীকালে তিনি বলেছেন – শান্তিনিকেতনে গিয়ে আমার চোখ আর কান খুলে গেল। নন্দলাল বসু সম্বন্ধে লিখেছেন আমার পথের পাঁচালীর ভিসুয়াল-এর মধ্যে যা সাদাকালোর ডায়ানামিক্স ও সামঞ্জস্য রয়েছে, সেটা মাষ্টারমশাই নন্দলাল বসুর দান বলে আমি মনে করি।

কলকাতায় ফিরে তিনি ডি জে কিমারে চাকরি শুরু করেন। সেখানেই চাকরি করতেন তাঁর বিশিষ্ট বন্ধু চিদানন্দ দাশগুপ্ত। দুই বন্ধু চাকরির সঙ্গে সঙ্গে পৃথিবীর বিভিন্ন দেশে ফিল্ম সোসাইটি আন্দোলন যে দানা বাঁধছে, তার খবর রাখতেন। এই সময়েই সত্যজিতের ফটোগ্রাফীতে আকর্ষণ বেড়ে ওঠে। ফিল্ম ছাড়াও সত্যজিতের আর একটি বড় নেশা ছিল বিদেশী মিউজিক শোনা। পাশ্চাত্য সঙ্গীতের উপর তাঁর অসম্ভব আকর্ষণ ছিল এবং দখলও ছিল। মৎসার্ট, বেটোফেন থেকে শুরু করে এমন কোন বিশ্ববিখ্যাত সঙ্গীত ছিল না, যা তাঁর সংগ্রহে ছিল না।

১৯৪৮ সালের প্রথম দিক। সত্যজিৎ, চিদানন্দ দাশগুপ্ত আর আশোকানন্দ দাশ (কবি জীবনানন্দ দাশের দাদা) স্বপ্ন দেখতে শুরু করলেন ফিল্ম সোসাইটি গড়ার। ব্রিটিশ ফিল্ম ইন্সিটিউট, আমেরিকান এম্ব্যাসী ও স্থানীয় ইংরাজী ছবির ডিস্ট্রিবিউটারদের কাছ থেকে ছবি এনে, প্রজেক্টারের সাহায্যে নব্য ভাবনার উৎসাহীদের মধ্যে ছবি দেখানো শুরু করলেন। প্রথম দেখিয়েছিলেন আইজেনস্টাইনের ক্লাসিক চলচ্চিত্র

'ব্যাটলশিপ পোটেমকিন'। এরপর একে একে হলিউডের বিখ্যাত সব চলচ্চিত্র দেখার সুযোগ করে দিতে লাগলেন। যেমন 'বাইসাইকল থিফ' বা 'আ নাইট অ্যাট দ্য অপরা'। এইসব চলচ্চিত্রের বৈশিষ্টই হচ্ছে তার কারিগরি নৈপুণ্য। সত্যজিৎ বুঝলেন ভারতীয় সিনেমায় যা চাই, তা হল আরও কল্পনাশক্তি, আরও সততা এবং সিনেমা মাধ্যমের যা যা সীমাবদ্ধতা তার যথার্থ উপলব্ধি। সর্বোপরি সত্যজিৎ বুঝলেন চলচ্চিত্রে চাই একটা নিজস্ব শৈলী, একটা বিশিষ্ট প্রকাশভঙ্গি, একটা আপনরূপ – যাতে ছবি দেখামাত্র একেবারে নিঃসংশয় হওয়া যায়, এটা ভারতীয় সিনেমা। মনে কোন সংশয় রইল না যে, তাঁকে চলচ্চিত্রই বানাতে হবে। ঠিক করলেন বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পথের পাঁচালী' হবে তাঁর প্রথম ছবি। চিত্রনাট্য তৈরির সময় ছবির কাহিনী থেকে প্রচুর চরিত্র বাদ দিলেন। পুরুতঠাকুর হরিহর রায়, তাঁর স্ত্রী সর্বজয়া, মেয়ে দূর্গা, ছেলে অপু আর বয়সের ভাড়ে ন্যুব্জ এক দূর সম্পর্কের দিদি ইন্দির ঠাকরুণ– মূলত এই কটি চরিত্রকে ঘিরেই আবর্তিত হবে ছবির কাহিনী। এরপর প্রজোযকের চেষ্টা চালাতে চালাতেই কোন চরিত্রে কে অভিনয় করবেন, সেটা নিয়েও তিনি চিন্তা–ভাবনা করতে লাগলেন। এইভাবে নির্বাচিত হন হরিহর চরিত্রে কানু বন্দোপাধ্যায় আর দূর্গা ও অপুর চরিত্রে স্কুলছাত্রী উমা দাশগুপ্ত ও সুবীর বন্দোপাধ্যায়। বাকি রইলেন ইন্দির ঠাকরুণ। অবশেষে এককালের অভিনেত্রী চুনিবালা দেবীকেই ইন্দির ঠাকরুণের চরিত্রে মনোনীত করেন। তখন চুনিবালার বয়স আশি বছর।


পথের পাঁচালীর বাজেট ছিল মাত্র সত্তর হাজার টাকা। কিন্তু তাও অনেক মামুলি প্রজোযকের মনে হয়েছিল, এটা বেশি হয়ে যাচ্ছে। কারণ ছবিতে না আছে স্টার, না আছে গান, এমনকি নেই কোন মারপিটের দৃশ্যও। তখন খরচ কমানোর জন্য শুটিং শুরু করলেন ষোলো মিলি মিটারে। বিভূতিভূষণ বন্দোপাধ্যায় শেষ জীবনে যে গোপালনগর গ্রামে শিক্ষকতা করতেন, সেই গোপালনগরই হয় উঠলো পথের পাঁচালীর নিশ্চিন্দিপুর। এরপর বোড়াল গ্রামে একটা জরাজীর্ণ একতলা বাড়িতে শুরু হয় শুটিং। সেই বাড়িটাই হয়ে ওঠে ছবিতে হরিহরের বাড়ি। বোড়ালের প্রথম দিনের শুটিং–এ ৪/৫ বছরের দুর্গা আর ইন্দির ঠাকরণকে নিয়ে তোলা হয় প্রথম দৃশ্য। ছোট বয়সের এই দুর্গার চরিত্রে নামানো হয়েছিল করুণা বন্দোপাধ্যায়ের মেয়ে রুণকিকে। এইভাবে ফিল্মের কাজ এগোচ্ছিল, আর অন্যদিকে ফুরিয়ে আসছিল টাকা পয়সা। এইভাবে আস্তে আস্তে তিনি সামর্থ্যের শেষ সীমানায় পৌঁছে গেলেন। তখন গোটা ছবিটার মোটামুটি এক– তৃতীয়াংশ তৈরি হয়েছে। অন্য প্রডিউসার না পাওয়ায় পথের পাঁচালীর আশা প্রায় আর রইল না। এইভাবে আট মাস কাটার পরে এক বন্ধুর পরামর্শে সত্যজিৎ হাজির হলেন নামজাদা চিকিৎসক তথা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে। সবকিছু শোনার পর ডাঃ রায় সিধান্ত নিতে দেরী করেননি। এরপর সরকারীভাবে চুক্তিপত্রে সই হবার পর হলো প্রতিক্ষার অবসান। ১৯৫৪ সালের গোড়ার দিকে আবার শুটিং শুরু হলো। আর অনেক সমস্যা সামলে শেষও হলো। অবশেষে মুক্তি পেল পথের পাঁচালী। ১৯৫৫ সালের ২৬শে আগস্ট কলকাতার বসুশ্রী, বীণা, ছায়া ও শ্রী প্রেক্ষাগৃহে। দক্ষিণ কলকাতায় এ ছবির মুক্তির দিন যেন একটা উৎসবের পরিবেশ ছিল। প্রথম দু–সপ্তাহ পথের পাঁচালী ভালই চলছিল। যে চেনে ছবিটি মুক্তি লাভ করে, তাতে মোট দু–সপ্তাহের বুকিং ছিল। কিন্তু তৃতীয় সপ্তাহ থেকে টিকিট বিক্রির হার হঠাৎ বেড়ে যায়, দেখা যায় ছবিটি সর্বত্র পূর্ণ প্রেক্ষাগৃহে চলছে। প্রতিটি শোতেই হাউসফুল। তাই ছবির পরিবেশক আরোরা ফিল্ম কর্পোরেশন চেন পালটে অন্য চেনে এনে আরও সাত সপ্তাহ চালান। যাকে বক্স অফিস হিট বলা যায়, পথের পাঁচালী ঠিক তাই হয়ে দাঁড়ায়। মুক্তির পরপরই ছবিটি সারা বিশ্বে প্রশংসা লাভ করে, সেইসঙ্গে পুরস্কার ও সম্মান। ১৯৫৫ সালেই ভারতের রাষ্ট্রপতির স্বর্ণ ও রৌপ্যপদকে সম্মানিত হয় পথের পাঁচালী। এরপর একে একে ১৯৫৬ সালে কান চলচ্চিত্র উৎসব থেকে ভ্যাটিকান পুরস্কার। এরপরও ১৯৬৬ সাল পর্যন্ত সারা বিশ্বের অনেক চলচ্চিত্র উৎসবে পথের পাঁচালী দেখানো হয়েছে, আর সম্মানিত হয়েছে বিভিন্ন পুরস্কারের মাধ্যমে। এইভাবেই পথের পাঁচালী তৈরি করেছে এক অনন্য ইতিহাস, আর বিশ্বের চলচ্চিত্র জগতে এসেছেন একজন মহান চলচ্চিত্রকার, চলচ্চিত্রের মহারাজা। মহারাজা তোমারে সেলাম।

তথ্য সংগ্রহ: শ্রদ্ধেয় সত্যজিৎ রায়ের লেখা "অপুর পাঁচালী' ও ১৯৯২–এ প্রকাশিত আনন্দলোক পত্রিকা









***pc Dr Kamal Samanta***

# Oh, Miyar Valley

**Dr Karam Chand Prashar**
**Kullu, India**

It was in the summers of early 1980s, when as a geologist, I, along with my colleagues, carried out geological expeditions of the entire 70-odd kilometers long Miyar valley in the remote Great Himalayan Range of Lahaul-Spiti district, Himachal Pradesh. At that time there was no vehicular connection to a dozen-odd villages of this area, let alone the rest of around 40 km long valley of barren terrain, including an over 25 km long 'valley glacier' rising up to over 18000 ft. On the side of this mountain range lay tracts of Zanskar, Kargil.. It would take expedition parties two to three days to reach the last village, Khanjar (11380 ft), over 30 km from the nearest road head at Udaipur.

One of our transit camps in the valley was near Chhaling village, about 5 km short of Khanjar. Having selected our campsite, as our tents were being pitched, the entire village folk seemed to have trouped in around the camp site out of sheer curiosity. No wonder some of them, noticing a caravan of mules being unloaded of bizarre camp paraphernalia, and a group of porters around, thought of us a kind of a circus party! The same day, late in the evening, I noticed a middle-aged villager enter the camp site. He strode over to my tent and a bit diffidently asked if we had been carrying some medicines with us. He told me that his mother was afflicted with fever and severe headache. In the light of a hurricane lantern, I opened our modest first aid kit and handed him a few paracetamol tablets. The next day as we returned to our camp in the evening after field work, we found a group of villagers at the venue. All pleading for medicines, one after another. Probably, the news about availability of medicines in our camp had spread like wild wire in the village. Our geological camp looked more of a medical dispensary, and two of us geologists medical specialists! Wonder if all inhabitants of the village had become patients overnight! I came to know later that mostly the villagers wanted to stock medicines in their houses for future use. What medicines and for what ailments, it hardly seemed to matter. That only pointed out the pitiable condition of the health care system those times in these remote villages. Rightly regretted by the villagers that it was very difficult for patients to walk, or be carried on the cots, for such long distances. In such demanding circumstances, at best, they would resort to an alternative traditional treatment, ritualistic or herbal, by local Budhist lamas. As was the miserable case of health care, so was no less the state of education.


Thanks to the road construction activity in the valley that has remarkably changed the socio-economic condition of the inhabitants of this remote area. I was pleasantly surprised to read a news report in one of the newspapers sometime last year that a Miyari girl, Sonam Angmo, whose parents didn't have any schooling, cracked JEE Main examination and was credited with admission in the prestigious IIT Delhi. Notably, Sonam Angmo, belongs to Chhaling village only, where I had once camped about 40 years ago!



***pc Google***



Barnsley Durga Pujo by Subir Sen




Caricature by Subir Sen

# আমার ছোটবেলার পুজো

**কাবেরী দেব**
**কলকাতা, ইন্ডিয়া**

**ত**খনকার উত্তর বঙ্গের বর্ষা সম্বন্ধে সকলেরই অল্প বিস্তর ধারণা আছে। আষাঢ় ,শ্রাবণ জুড়ে ঝিরঝির,ঝমঝম, ঝরঝর একটানা ধারা বর্ষণে বর্ষা কে মনপ্রাণ দিয়ে উপভোগ করা যেত।টিনের চালে বৃষ্টির রিমঝিম সংগীত শুনতে শুনতে ঘুমোতাম।

এরই মধ্যে হঠাৎ খেয়াল হত আকাশটা তো আর ঘষা স্লেটের মত নেই ,সেই অঝোর বর্ষণ ও উধাও। ঝকঝকে নীল আকাশে সাদা মেঘের ভেলা ভেসে বেড়াচ্ছে ।রোদ ও বেশ ধারালো হয়ে উঠেছে। বাতাসে দু' একটা কাশ ফুল ভেসে আসছে তিস্তার চর থেকে। শিউলি গাছের নিচে ঝরে পড়ছে অজস্র ফুলের রাশি। মা ,কাকিমাদের আলমারি ,ট্রাঙ্ক থেকে জামাকাপড় বের করে রোদে দেওয়ার ধূম পড়ে যেত। আর তার মধ্যে থেকে দুটো একটা অমূল্য সম্পদ খুঁজে পেতাম। তখনই মনে হত পুজো তো এসে গেছে ! আমাদের একান্নবর্তী পরিবারের বোনেদের জন্য একই ডিজাইনের থান কাপড় আসত। কাকিমারা ও বড় দিদিরা ২/৩ টে সেলাই মেশিন নিয়ে বসে যেতেন সবার ফ্রক সেলাই করতে । আর ভাইদের জন্য একই কাপড়ের শার্ট ,প্যান্ট দর্জির দোকানে তৈরি হত। একটা ফ্রকেই আমাদের আনন্দের কমতি ছিলনা। আসলে তখন আমাদের চাহিদাই এত কম ছিল। এর থেকেও বেশি চাহিদা ছিল পুজোবার্ষিকী পত্রিকা আর পুজোসংখ্যা গানের বই এর। পুজো মন্ডপে আর রেডিও তে পুজোর গান শোনার জন্যে অধীর অপেক্ষা ছিল । পুজোর কদিন আগে নতুন জুতো আর কসমেটিক্স ফিতে ,ক্লিপ কেনা হত। ছোটবেলায় পুজোর কদিন তো প্রায় সারাদিন ই মন্ডপে কাটতো। সন্ধেবেলা সন্ধ্যারতি আর একটু রাতের দিকে নাটক ,যাত্রা। বিজয়া সম্মিলনী তে হত জলসা। এগুলো দারুণ আকর্ষণীয় ছিল।পুজোর মধ্যে একদিন বড় দের সঙ্গে অন্য পাড়ার আর বিভিন্ন পারিবারিক পুজো দেখা হত। নবমীর রাত থেকেই প্রতিমার মুখের দিকে তাকালেই মাকে মনে হত চোখ ছলছল করছে। আমাদের চোখ ও জলে ভরে যেত। দশমীতে মায়েরা যেতেন সিঁদুর পরাতে ,সাথে আমরাও বই এর পাঁজা নিয়ে যেতাম মায়ের পায়ে ছোঁযাতে । একটু বেলার দিকে বড় রা একে একে সব ছোটদের ডেকে খুচরো পয়সা দিতেন। দশ ,কুড়ি ,পঁচিশ পয়সা । সব মিলিয়ে দেড় টাকা ,দু'টাকা হত। আমাদের কাছে সেটা অনেক। (তখনকার দিনেও )। এটাকে বলা হত ' আড়ং খরচা' । ইচ্ছে মত খরচ করতে পারতাম ।সন্ধেবেলা বড় দের সাথে যেতাম করলা নদীর ঘাটে ।সেখানে নৌকায় করে সব প্রতিমা নদীতে ঘোরানো হত ,তারপর বিসর্জন । বড় বড় প্রতিমা দুটো নৌকো জোড়া করে তাতে বসানো হতো। মাঝনদীতে গিয়ে নৌকো দুটো আস্তে আস্তে দুপাশে সরে যেত আর ধীরে ধীরে মায়ের বিসর্জন হত। এক রাশ মন খারাপ নিয়ে বাড়ি ফেরার পথে অন্ধকার মন্ডপে টিমটিম করে একটা মাত্র প্রদীপ জ্বলতে দেখে বুকের মধ্যে হু হু করে উঠতো। বাড়ি এসে বড় দের প্রণাম করে আশীর্বাদ নেওয়া আর পরের বছরের জন্য আকুল প্রতীক্ষা ।



*pc Sinjini Basu*

# চরৈবেতী

**তপতী মুখোপাধ্যায়**
**লিঙ্কন, ইংল্যান্ড**

**সূর্য** তখন পশ্চিম আকাশে অস্তমিত প্রায়। বরফে আবৃত পাহাড়গুলি ক্রমশ কমলা থেকে গাঢ় লাল তারপর হাল্কা গোলাপী হয়ে মিলিয়ে যাচ্ছে। সেইদিকে নিবিড় দৃষ্টিতে তাকিয়ে আছেন এক বৌদ্ধ সন্ন্যাসী। বলিষ্ঠ ঋজু দেহ, প্রশান্ত চাহনি...কিন্তু কপালে দু একটি ভাঁজ দেখা যাচ্ছে , একটু যেন চিন্তাকুল মনে হচ্ছে তাঁকে। হয়তো ভাবছেন.....অস্তগামী সূর্যের মতো তাঁর জীবনও তো পশ্চিমে ঢলেছে, ষাটোর্দ্ধে এসে বিপুল গুরুদায়িত্ব তুলে নিয়েছেন নিজের কাঁধে। পারবেন কি হিমালয়স্থিত এই তিব্বতে অবক্ষয় বন্ধ করে মানুষের হৃদয়ে ভগবান বুদ্ধের অমৃতময় বাণী পৌঁছে দিতে ? নিজের মনেই একটু হাসলেন দীপঙ্কর শ্রীজ্ঞান। হয়তো তথাগত বুদ্ধের ইচ্ছা এমনটাই। যুক্তকরে প্রণাম জানালেন তাঁকে, স্মরণ করলেন বীজমন্ত্রটি "ওঁম মনি পদ্মে হুঁম"। অন্ধকার ঢেকে ফেলেছে চারিদিক, আকাশে শুধু দেখা যাচ্ছে কাস্তের মতো এক ফালি চাঁদ। আর অজস্র তারা তথাগতের আশির্বাদ হয়ে যেন তাঁকে পথ দেখাচ্ছে। যাক দীর্ঘ পথ চলার পর তাঁর এখন কিছুক্ষণ বিশ্রামের প্রয়োজন।

সময়টা দশম খৃস্টাব্দের শেষ ভাগ।এক হৃষ্টপুষ্ট দুরন্ত বালক দৌড়দৌড়ি করে খেলে বেরাচ্ছে উদ্যানে, মাঝেমঝে চেষ্টা করছে রঙীন প্রজাপতি ধরবার।বাংলাদেশের বিক্রমপুর জেলার বজ্রযোগিনী গ্রামে এক বর্ধিষ্ণু বৌদ্ধপরিবারে জন্ম এই শিশুটির, নাম চন্দ্রগর্ভ। পিতা কল্যাণশ্রী আর মাতা প্রভাবতীর দ্বিতীয় পুত্রসন্তান এই চন্দ্রগর্ভ। পরিবারটি গৌড়ের রাজবংশের একটি শাখা। কল্যাণশ্রী ছিলেন সিদ্ধাচার্য অর্থাৎ তান্ত্রিক মতে বৌদ্ধধর্মের (বজ্রযান) সাধক।খুব অল্প বয়সেই তন্ত্রসাধনায় দীক্ষা হয় এই বালকটির আপন পিতার কাছে। কিছুদিন পরেই অবশ্য তিনি রাজগৃহের অনতিদূরে কৃষ্ণগিরিতে গিয়ে বিখ্যাত তান্ত্রিক যোগী রাহুলগুপ্তের কাছে দীক্ষা গ্রহণ করেন। অভিষেকের সময় তাঁর তান্ত্রিক নামকরণ হয় জ্ঞানগুহ্যবজ্র।চলে বেশ কিছু বৎসর ধরে অবিশ্রান্ত বিদ্যাচর্চা আর সুকঠোর সাধনা। সেসব কথা মনে পড়তে রাতের আঁধারে একটু হাসি খেলে গেলো বিশ্রামরত দীপঙ্করের মুখে। চন্দ্রগর্ভ...জ্ঞানগুহ্যবজ্র...বিস্মৃতির তল থেকে উঠে আসা এই নাম দুটি মনে হলো যেন তাঁর পূর্বজন্মের।তারপর একদিন ভগবান তথাগতের বাণী স্পর্শ করলো তাঁর হৃদয়। জন্ম হলো দীপঙ্কর শ্রীজ্ঞানের।

সেটা পালরাজাদের রাজত্বকাল। তাঁদের পৃষ্ঠপোষকতায় মহাযান বৌদ্ধধর্মের প্রচার ও চর্চা তখন তুঙ্গে, বাংলা বিহার উড়িষ্যা জুড়ে চলছে জ্ঞানের অন্বেষা। বিক্রমপুরের সেই বাঙালী যুবকটির মন তখন আকৃষ্ট তথাগতের বাণীতে, সাগ্রহে তিনি পড়তে থাকেন ত্রিপিটক সমূহ ধর্মগ্রন্থ, বুঝতে চেষ্টা করেন কোনটি সঠিক পথ। ক্রমশঃ উপলব্ধি করেন যে তন্ত্রের পথে নয়, ভগবান বুদ্ধের মুখনিসৃত উপদেশ ও আধ্যাত্মবাদেই আছে সর্বমানুষের কল্যাণ। মহাসংঘিকার আচার্য্য মহাস্থবির শীলরক্ষিতার কাছে প্রব্রজ্যা গ্রহণ করলেন তিনি। বয়স তখন মাত্র ঊনত্রিশ বৎসর। হাতে দন্ড, মুন্ডিত মস্তক সুদর্শন সৌম্যকান্তি ভিক্ষুটির নতুন নামকরণ হলো দীপঙ্কর শ্রীজ্ঞান। যে পরিচয়ে তিনি খ্যাত হবেন পরবর্তী কালে। হারিয়ে যাবে পূর্বতন সব পরিচয়।

জ্ঞানার্জনের তৃষ্ণা তবু কিন্তু তাঁর তৃপ্ত হয় নি এখনো। আরো গভীরে গিয়ে জানবার ইচ্ছা বৌদ্ধধর্মের অন্তর্নিহিত সারবস্তুটুকু যাতে মানুষের কল্যাণে নিজেকে যথার্থভাবে নিবেদন করতে পারেন। দীপঙ্কর শ্রীজ্ঞান ভারতবর্ষ থেকে জলপথে রওনা হলেন সুবর্ণদ্বীপের উদ্দেশে।সেখানে আছেন পূর্বগোলার্ধের শ্রেষ্ঠ বৌদ্ধগুরু ধর্মকীর্তি। সে কী উৎসাহ কী উদ্দিপনা তাঁর! আবার শুরু হয় ছাত্ররূপে অধ্যয়ন। বারো বৎসর শিক্ষালাভের পর নিজেকে এবার প্রস্তুত বলে মনে হয়, তিনি তৈরী হন শিক্ষকের ভূমিকা নেবার। ততোদিনে তাঁর নাম ছড়িয়ে পরেছে দেশে বিদেশে। অধ্যাপকের পদে আমন্ত্রণও এসে গেছে মগধের বিক্রমশীলা মহাবিহার থেকে।

তারপর কোথা দিয়ে অতিক্রান্ত হয় আরো পনেরোটি বছর। কর্মব্যস্ততায় নিঃশ্বাস ফেলবার সময় পান নি দীপঙ্কর । শুধু কি বিক্রমশীলা ? ভ্রাম্যমান অধ্যাপক রূপে যেতে হয়েছে আরো কত বিহারে...ওদন্তপুরী

নালন্দা সোমপুরী। হাজার হাজার ছাত্র, শুধু ভারতীয়ই নয়, শ্যাম-কম্বোজ-চীন-তিব্বত-নেপাল থেকেও দলে দলে এসেছে তারা।এছাড়া নতুন পাঠ্যক্রম তৈরী, শিক্ষাপদ্ধতীর নবীকরণ, ছাত্রাবাস তৈরী থেকে শুরু করে সর্বময় আধিকারিকের দায়িত্বও যে তাঁরই । তারই মধ্যে সংবাদ আসছে বিদেশী ছাত্রদের মাধ্যমে যে প্রতিবেশী দেশ তিব্বতে সনাতন বৌদ্ধধর্ম দারুনভাবে বিপর্যস্ত্য। স্বয়ং তিব্বতরাজ বোধিপ্রভ তাঁর কাছে সাহায্য প্রার্থনা করে দূত পাঠাচ্ছেন বারংবার। বড় চিন্তা বড় দোলাচলের মধ্যে আছেন তিনি কিছুদিন ধরে। কী করবেন দীপঙ্কর শ্রীজ্ঞান ? বিক্রমশীলায় এতো কাজের দায়িত্ব, সেসব কিছু ফেলে কী করে সম্ভব তাঁর পক্ষে সেই সুদূর প্রবাসে যাওয়া ? বিশেষ করে ষাট বৎসরের কাছাকাছি এসে ? তাঁর অতি প্রিয় দুই তিব্বতী শিষ্য, বীর্যসিংহ আর জয়শিলের সনির্বন্ধ অনুনয়-অনুরোধ শুনেও বারংবার ফিরিয়ে দিয়েছেন তিনি। নাহ্ এবারে একটা সিদ্ধান্তে আসতেই হবে।

মনস্থির করে ফেলেন দীপঙ্কর। অন্তরে আদেশ পেয়েছেন তথাগত বুদ্ধের। সারা জীবন ধরে এতো জ্ঞানার্জন এতো সাধনা সবই তো মানবকল্যাণের জন্য, তাহলে আর দ্বিধা কেন ? তাঁকে এখন অতীশ নামে ডাকে অনেকেই তাঁর করুনার কথা স্মরন করে।সে কি বৃথা হয়ে যাবে ? সব দ্বিধা ঝেড়ে ফেলে এবার জীবনের সর্বশেষ এবং সর্বকঠিন দায়িত্বটি কাঁধে তুলে নেবার জন্য প্রস্তুত হলেন অতীশ দীপঙ্কর। দুই তিব্বতী শিষ্যকে, নির্দেশ দিলেন যাত্রার আয়োজন করতে। তবে আর সব কিছুর প্রথমে ....বিক্রমশীলা মহাবিহারের সর্বময় অধ্যক্ষ্য মহাস্থবির রত্নাকরের অনুমতি আর আশির্বাদ ভিক্ষা করতে হবে তাঁকে।

যাত্রাপথ স্থির করলেন দীপঙ্কর । বিক্রমশীলা থেকে রওনা হয়ে প্রথমেই যাবেন বুদ্ধগয়া যেখানে ভগবান বুদ্ধ সত্যদর্শন করেছিলেন। তারপর উত্তরের পথ ধরবেন। নেপালে কিছুদিন বিশ্রাম নেবেন রাজা অনন্তকীর্তির অনুরোধে। সেখান থেকে মুক্তিনাথ, খোচরনাথ, টাকলাকোট তীর্থ দর্শন করে পৌঁছোবেন মানস সরোবরে।আহ্ মানস সরোবরের কথা মনে হতেই মনটা উৎফুল্ল হয়ে উঠলো তাঁর, চোখের সামনে ভেসে উঠলো তুষারমন্ডিত হিমালয়ের কোলে অনন্ত সুনীল জলরাশি। নিঃশ্বাস নিলেন তিনি, দ্বিপ্রহরের দাবদাহেও শরীরমন স্নিগ্ধ হয়ে এলো। মুহূর্তের জন্য পূর্বজন্মের স্মৃতির মতো মনে পরে গেলো আরো একটি বিস্তীর্ণ তরঙ্গমুখোরিত জলরাশির কথা। পদ্মা, মাতৃসমা পদ্মা।কবে ছেড়ে এসেছেন নিজের মাতৃভুমি, সেই সুজলা সুফলা শ্যামস্নিগ্ধ বঙ্গদেশ। ভুলেই গেছেন প্রায়।তবুও হঠাৎ হঠাৎ আকাশে কালো মেঘ ঘনালে বা চৈত্রের দুপুরে দমকা বাতাস উঠলে তিনি উন্মনা হন। কেয়াফুলের সুবাস আর আম্রমুকুলের গন্ধ পান।

মানস সরোবর হয়ে শেষমেষ পশ্চিম তিব্বতের থোলিং বিহারে পৌঁছে শুরু হয়েছিল দীপঙ্কর শ্রীজ্ঞানের নতুন কর্মকান্ড।তিব্বতী ভাষা পুরোপুরি আয়ত্ব করতে পারলে তবেই তো সক্ষম হবেন এদেশের মানুষের সঙ্গে ভাবের আদানপ্রদান করতে, মহাযান ধর্মের পুনঃপ্রতিষ্ঠা করতে। আবার শুরু হলো একাধারে শিক্ষা এবং শিক্ষকতা।ইতিমধ্যে কেটে গেছে বেশ কটা বছর। দুর্ঘটনাও ঘটে গেছে তাঁর জীবনে, হারিয়েছেন প্রিয় শিষ্য বীর্যসিংহকে অল্প কয়েকদিনের জ্বরে। শুধু যে শিষ্য তাতো নয়, এই মহাবিদ্বান মানুষটি ছিলেন তাঁর দোভাষী, তাঁর লেখা অজস্র পুঁথির তিব্বতী অনুবাদক ও ভাষ্যকার।প্রবাসের প্রথম কল্পেই ঘটে গেলো এই অপূরণীয় ক্ষতি। এগিয়ে এলেন অপর শিষ্য জয়শীল। গুরুর ছায়াসঙ্গী এখন তিনি।

পশ্মিম তিব্বতের কাজ সমাপ্ত করে দীপঙ্কর শ্রীজ্ঞান আবার পথে নেমেছেন। তিব্বতী ভিক্ষুদের ডাকে এবার পূর্বমুখে। সেই কবে বেরিয়েছেন থোলিং বিহার থেকে। তারপর কতো পাহাড় গিরিবর্ত হিমবাহ পেরিয়ে এখন মধ্যতিব্বতে। গন্তব্য রাজধানী লাসার কাছে নেথান বিহার। এ পথচলা কবে শেষ হবে কে জনে। সবই তথাগতের ইচ্ছা।

অন্ধকার হাল্কা হয়ে আসছে, পূর্বদিগন্তে লালের ছোঁওয়া লাগতে শুরু করেছে।, গায়ে কম্বলটা ভাল করে জড়িয়ে নিয়ে রাত্রির আশ্রয়স্থল সেই গুহাটির বাইরে এসে দাঁড়ালেন দীপঙ্কর শ্রীজ্ঞান। হাতে তুলে নিলেন দন্ডটি। তারপর দৃপ্ত পদক্ষেপে এগিয়ে চললেন তিনি......চরৈবেতী চরৈবেতী...



***pc Dr Kamal Samanta***













# এই তো শপথ

**চন্দ্রা বসু**
**কলকাতা, ইন্ডিয়া**

অনুরুদ্ধ হলাম আমি সম্পাদকের কাছে,
কিছু লেখা দিতে হবে
দেরি না হয় পাছে।
বিলেতবাসী করবে প্রকাশ
পুজোর পত্রিকা,
নানা জনের লেখা নিয়ে
বরিবে মাতৃকা।
কলকাতায় থেকে আমি
নানা গোলমালে
ভেবে তো পাই না বিষয়
দেশের বিপদ কালে।
রাম রাজত্ব নয় তো মোটেই
রাবণ ও নোয়ায় শির,
পশ্চিমবঙ্গে থাকতে হলে
লজ্জিত সব বীর!
এ হেন অবস্থা যখন
কি করবো আর!
ভবিষ্যতের প্রজন্মের কথা
ভাবনা যে আমার!

দশ ভুজা মা দুর্গা
এবার তুমি শোন
সবার হয়ে আমার কান্না
সত্যি বলে মানো।
দেশবাসী কাতর কণ্ঠে
আর্জি তোমায় জানায়
মানব রূপী দানব দলন
তোমার হাতেই মানায়।
আমরা তোমার সন্তান দল
তোমার বড় ভক্ত,
বাংলা দেশে এসে শত্রুর
শাস্তি দিও শক্ত!
শাসক যেন বুঝতে পারে
জনগণ ই শক্তি,
তাদের মঙ্গল করলে তবেই
শাসক পাবে ভক্তি!
প্রণাম জানায় তোমায় মা গো
এই একেলা কন্যা,
প্রতিনিধি হয়ে যত
ভারতবাসীর বন্যা!



*pc Sinjini Basu*

# বিজয়া আর পাঁচটা রসগোল্লা

**অনিন্দিতা**
**কলকাতা, ইন্ডিয়া**

**আ**মাদের ছোটোবেলায় পুজোর গন্ধটা যেন একটু অন্য রকম থাকতো।নতুন জামা,জুতোর গন্ধ,শিউলি ফুল তুলতে যাওয়ার আনন্দ,একসাথে পাড়ার বাচ্চারা মহালয়া দেখা,তারপর থেকেই শুরু হতো প্যান্ডেল এ গিয়ে দেখা ঠাকুর বানানো কতটা শেষ হল।তারপর পুজো চলে আসত।সেজেগুজে বন্ধুদের সাথে বেরোতাম।পাড়ার আশেপাশে পাঁচ,ছটা ঠাকুর মনে হয় রোজ দু তিন বার করে দেখতে যেতাম,সেই কি এনার্জি!! নবমী থেকে শুরু হত আমাদের বাড়িতে খাওয়ার বানানো।আমার ঠাকুমার হাতের বানানো এলোঝেলো বিখ্যাত ছিল।পাড়ার সবার কাছে ওটাই প্রধান আকর্ষণ ছিল।আর সাথে নারকেলের নাড়ু,তক্তি,নিমকি এই সব বানানো শেষ হতো দশমী তে।ঠিক একাদশীর দিন আমরা ছোটরা হাতে একটা করে প্যাকেট নিয়ে বেরোতাম বিজয়া করতে।সবাই অনেক খাবার দিত অত তো খাওয়া যায় না,ছোট্ট পেট সবার,তাই বাড়িতে এনে পরে আয়েশ করে খেতাম।এরকম একবার আমাদের বাড়ির ঠিক পিছনে এক ফ্যামিলি এলো বাড়ি বানিয়ে।সবাই খুব গম্ভীর,কারোর সাথে কথা বলেনা,কোনো আওয়াজ নেই ওদের বাড়িতে।একজন জেঠু তার মেয়ে আর ছেলে,আমাদের থেকে বেশ খানিকটা বড়,ভাবলাম সবাইকে যখন প্রণাম করছি ওই জেঠুকেও করে আসি।বন্ধুদের বললে ওরা কেউ রাজি হলোনা আমার সাথে যেতে।আমি ভাবলাম একাই যাই তবে,টুক করে একটা প্রণাম করেই পালিয়ে আসবো।সেই মতোন গিয়ে দুরুদুরু বুকে কলিং বেল বাজালাম।দিদি টা দরজা খুলল।বললাম 'জেঠুকে প্রণাম করতে পারি'?বললো,হ্যাঁ হ্যাঁ ভিতরে এসো।আমাদের পাড়ায় যতো নতুন বাড়ি হয়েছে সব বাড়ি বানানোর সময়ে আমরা লুকোচুরি খেলতাম সেখানে।তবে ওদের বাড়িতে কখনোই ঢোকা হয়নি,এই প্রথম।বেশ ছিমছাম সাজানো ঘর।জেঠু এলেন,গম্ভীর মুখ সাথে দুটো বড় বড় গোল গোল চোখ।বেশ ঘাবড়ে গেলাম,ঢিপ করে প্রণাম করে বললাম 'আসি'।না বোস,পুজোর পরে এসে খালি মুখ এ যেতে নেই,উনি বললেন আর মেয়েকে আদেশ দিলেন মিষ্টি আনতে।এখন কি করি!! মিষ্টি তো অনেক খেয়ে নিয়েছি, আর আমার মিষ্টি খেতে খুব বেশী ভালো লাগত না।কিন্তু ওনার মুখ দেখে ভয়ে কিছু বলতে পারছিনা।এবার দিদি পাঁচটা রসগোল্লা আর এক গ্লাস জল নিয়ে ঘরে ঢুকল।পাঁচটা রসগোল্লা একসাথে কে দেয়! আর কোন বাচ্চা খায়! তাহলে কি সবার জন্য এনেছে?তাও তো বেশী!! আমার দিকে প্লেটটা এগিয়ে বললো খেয়ে নাও।কি সব আমার! ঠিক দেখছি!এ তো অত্যাচার! এবার আমি কি করবো!!! কেউ কি আসবেনা আমাকে বাঁচাতে!!!মা বাবা কি পারতোনা ডাকতে আসতে তখন, বা বন্ধুরা?কিন্তু কোনোটাই হলোনা।কি হলো খাও! জেঠুর আওয়াজে আবার ফিরে এলাম প্লেটে।আবার সাহস করে বললাম, 'এত পারবোনা কিছুতেই' উনি বললেন,খাও খেতেই হবে।একটু কি বেশী জোরেই বললেন!!কান্না পাচ্ছে কেনো আমার?কি উপায়?দুটো রসগোল্লা কি গ্লাস এর জলে ফেলে দেবো?না জল উপচে পরবে তবে,খানিকটা জল খেয়ে তারপর ফেলি!কিন্তু সামনেইতো গোল গোল চোখ করে বসে আছেন একজন!না আর বেশিক্ষণ হলে এবার কেঁদেই ফেলব।ভগবানের নাম নিয়ে কোনোমতে জল দিয়ে গিলে গিলে পাঁচটা রসগোল্লা খেতে শুরু করলাম।বমি পাচ্ছে এবার,সাথে কান্না।না এখানে বমি করা যাবেনা,কাঁদব না আমি কিছুতেই।কোনো ভাবে রসগোল্লাগুলো ঠুসে জল খেয়ে 'আসছি' বলে ছুটে পালালাম।বাবা!!একটু বাড়িতে গেছি বলে এরকম শাস্তি!! কি সাংঘাতিক মানুষ!!!দূর থেকে নমস্কার,আর কোনও বছর যাইনি বিজয়াতে ওই বাড়ি।আর রসগোল্লা!!! পরের পাঁচ বছর রসগোল্লা দেখলেই উল্টোদিকে ছুট।

# Through My Lens

**Amrita Pal**
**Kolkata, India**

**I** am Amrita, I am very much interested to know about birds and also passionate about bird's photography. I will share with you a story about a very special bird in the world, 'Cassowary' which is listed in the Guinness Book of World Records as the most dangerous bird in the world. I got an opportunity to take photographs of the Southern Cassowary at Sydney wildlife of Australia.



The name **Cassowary is derived** from the Papua New Guinea **word** "Kasu" meaning horned and "weri" meaning head which refers to the horn-like casque on the bird's head.
Cassowaries are large black birds of ratite or flightless group like Ostrich, Emu, Kiwi etc. There are three types of Cassowaries. Southern, Northern and Dwarf .

Today I will tell you about southern cassowary which is biggest among the three types. Southern Cassowaries are found in Indonesia, southern New Guinea and in north-eastern Australia. This bird is the third tallest bird, 5 to 6 feet, after Ostrich and Emu in the world. It is also known as double wattled cassowary or Australian cassowary.

Southern cassowaries have black stiff and prickly plumage, their face is light blue in colour and they have a purplish blue coloured long neck. Two red wattles hanging down from its throat (each wattle is 7 inches in length),their bill is blackish and very stout. A

southern cassowary’s special feature is its horn like brown casque on the top of its head which is 5 to 7 inches high and is made up of keratin. Experts say that this casque indicates their age as it continues to grow throughout the bird’s life ,according to some research this casque helps the bird to hear low vibrating sounds made by other cassowaries and also help to protect the bird’s head as it pushes through dense rainforest and thicket scrubs.

Their three toed feet are very strong and powerful, fitted with fatal dagger like claws. These claws are 5 inches in length. Both sexes are similar in appearance, but the **female** is dominant, larger than the **male**, with a taller casque, and is brighter in colour. Young **Cassowaries** are browner than adults and have duller coloured head and neck. The chicks are striped yellow and black. Southern cassowary is the 2nd heaviest bird in the world, they can be upto 85 kg in weight, on average an adult female is 58.5 kg and a male is 29 to 34kg in weight.

Cassowaries are solitary birds, they pair only during breeding seasons which continue from May to October. After eggs are laid by the females ,it is only sole responsibility of the male to incubate the eggs which takes around 50 days, Once the eggs hatch, males raise the chicks for an additional nine months. The father teaches the young cassowaries, which have distinctive stripes, to forage. These chicks become independent after nine months and reach maturity at around three years.

Cassowaries are mainly frugivores birds and they like to eat fruit which has fallen to the ground. These birds play a very major role as seed disperser of up to 238 rainforest species. Without cassowaries these rainforests would not be able to survive. Because of their unique digestive system which contains special types of enzymes cassowaries can digest some fruits such as vivid Cassowary Plum which are poisonous to humans and other animals. When fruit is scarce these birds also eat snail , small dead mammals.

The Australian population of southern cassowary is listed as Endangered under Federal and Queensland State legislation. Habitat loss (logging), feral animals eating their eggs, hunting, roadkill. Road building, feral animals and hunting are the reasons of their population loss.

The cassowary is listed in the Guinness Book of World Records as the most dangerous bird in the world. Using the long stiletto like claws of its inner toes ,the cassowary has caused number of deaths by lashing out with its powerful legs. Wild cassowaries are shy in nature ,however, and unprovoked attacks are rare. Most attacks have been associated with captive animals or wild individuals defending their nests.

# নীলকন্ঠ পাখির উপাখ্যান

**অমৃতা পাল**
**কলকাতা, ইন্ডিয়া**

**ব**ন্ধুরা তোমরা নিশ্চই নীলকন্ঠ পাখির নাম সকলেই শুনেছো আবার অনেকে দেখেও থাকবে। পাখির ছবি তোলা আমার একটি বিশেষ শখ ।গত বেশ কয়েক বছর ধরে অনেক ধরণের পাখির ছবি তুলে আমার সংগ্রহশালার শ্রীবৃদ্ধি করেছি,এই সংগ্রহের তালিকায় নীলকন্ঠ পাখিও রয়েছে। তাহলে তোমাদের এই নীলকন্ঠ পাখির কথা কিছু বলি আর সাথে আমার তোলা ছবি ও তোমাদের আনন্দ দেবে আশা রাখি।

নীলকন্ঠ পাখির ইংরেজী পোশাকি নাম 'Indian roller' আর বৈজ্ঞানিক নাম 'Corsicas benghalensis'.male roller bird রা courtship এর সময় femaleদের attract করার জন্য বাতাসে ডিগবাজি খায় ,এরা খুব ভাল aerobatic করতে পারে তাই নাম roller bird. Indian roller ভারতের প্রায় সর্বত্র দেখতে পাওয়া যায়, এছাড়া পাকিস্তান, শ্রীলঙ্কা, সৌদি আরব, ইরাক, বালুচিস্তান এবং পশ্চিম এশিয়ার অনেক জায়গায় এদের দেখা মেলে। ভারতের উড়িষ্যা, কর্নাটক ও তেলেঙ্গানা এই তিন রাজ্যের, রাজ্য পাখি (state bird) হলো Indian roller.

এরা আকারে বেশ বড়,১২ থেকে ১৩ ইঞ্চি লম্বায় আর ডানা প্রসারিত করলে ২৬ - ২৯ ইঞ্চি।এদের মুখ আর গলায় কমলা আর গোলাপী মেশানো রঙের বাহার ,পিঠ বাদামী।মাথার উপরের দিকে হাল্কা নীলের ছোঁয়া।ডানা ,লেজের দিকে গাঢ ও আসমানী নীলের অপূর্ব সংমিশ্রন।রোদের আলোয় তা আরো উজ্বল আর ঝকঝকে লাগে।

এদের শস্য ক্ষেতে,ধান ক্ষেতের পাশে ইলেকট্রিক তারের উপর বসে থাকতে দেখা যায়। পোকা, কীটপতঙ্গ, ব্যাঙ, সাপের বাচ্চা, টিকটিকি, গিরগিটি এইসব এদের প্রধান খাদ্য।

এবার বলি 'নীলকন্ঠ'কেন বলা হয় এই পাখিকে।এদের নিজেদের কন্ঠ তো নীল রঙ নয়,আসলে দেবাদিদেব মহাদেবের আরেক নাম নীলকন্ঠ আর তাঁর নামের আধারেই এই পাখির নামকরণ হয়েছে কারণ পৌরানিক প্রেক্ষাপটে এই পাখির যথেষ্ট গুরুত্ব রয়েছে।শুভ বিজয়ার দিন নীলকন্ঠ পাখি দেখা শুভ মনে করা হয় আর এই দিন এই পাখি ওড়ানোর রীতিও বহু প্রাচীন কাল থেকে প্রচলিত রয়েছে।মনে করা হয় দশমীর শেষে উমা মায়ের কৈলাসে প্রত্যাগমন বার্তা মহাদেবকে এই পাখি ই দিয়ে থাকে।

আবার অন্যদিকে স্বয়ং রামচন্দ্র নীলকন্ঠ পাখি দর্শন করার পরই রাবন কে বধ করেছিলেন আর রাবন বধের জন্য ব্রহ্মশাপ থেকে মুক্তি লাভের জন্য যখন শিবের আরাধনা করেছিলেন তখন মহাদেব এই পাখির রূপ ধারন করেই মর্ত্যে এসেছিলেন।তাই নীলকন্ঠ পাখিকে শিবের প্রতিনিধি ও স্বরূপ দুই মনে করা হয়।জনশ্রুতি অনুযায়ী নীলকন্ঠ পাখির রূপ ধরেই শিব মর্ত্যে বিচরণ করেন।

তোমাদের সাথে ভাগ করে নিলাম আমার তোলা এই পাখির কিছু ছবি :







©Amrita Pal


©Amrita pal

# শুভদিন

**আশিস ব্যানার্জী**
**কলকাতা, ইন্ডিয়া**

**অ্যা**লার্মের মিষ্টি বাজনায় ঘুমটা ভেঙ্গে গেল দিবাকরের। অ্যালার্মটা বন্ধ করলেন, ঘড়ি দেখলেন, ঠিক সকাল ছটা। অ্যালার্ম না দিলেও চলতো, ঘুম তাঁর সকাল সকালই ভেঙ্গে যায় , তবু সাবধানের মার নেই, এই ভেবে দিয়েছিলেন। কারণ আজ একটা বিশেষ দিন, একটা শুভ দিন। আজ তাঁর একমাত্র ছেলে রাহুলের বৌভাত। অনেক কাজ আছে তাঁর। সব ব্যবস্থাই করা আছে, আগে থেকে নিখুঁত পরিকল্পনা মাফিক কাজ করা তাঁর স্বভাব । কিন্তু তবু শেষ মুহূর্তে ক্যাটারারকে, ডেকরেটারকে হালকা একটু তাগিদ দেওয়া , সব ঠিক আছে কিনা জিজ্ঞেস করা, একটু বেলা হলে ভাড়া নেওয়া অনুষ্ঠান বাড়িতে সরেজমিন তদারক করতে যাওয়া – আরও নানাবিধ কাজ তাঁকে করতে হবে ।

অতএব উনি বিছানা ছেড়ে উঠে পড়লেন। আজ শনিবার মার্চের চার তারিখ , ঘরটা আলোয় ভরে গেছে। সূর্যদেব একটু আগেই উঠে পড়েছেন, কিন্তু এই ঘরের জানালা পশ্চিম দিকে আর দক্ষিণ দিকে , সূর্যের আলো সকাল বেলায় ঢোকে না এই ঘরে , তবে অস্ত যাবার আগে একবার গুড বাই জানিয়ে যায়। কিছুক্ষণের মধ্যেই প্রস্তুত হয়ে দিবাকর ডাইনিঙে এলেন । প্রতিভা এখনো ওঠেননি , অবশ্য তিনি কোন দিনই সাড়ে সাতটা আটটার আগে ওঠেন না । আর বিমলা মানে রান্নার মেয়ে সেও আটটা নাগাদই আসে । বহুদিনের অভ্যাস মত তিনি নিজের কফি বানালেন , তারপর খবরের কাগজটা নিয়ে হেড লাইন গুলো চোখ বুলিয়ে নিলেন । খুব বিশেষ খবর কিছু নেই , চিরাচরিত ভাবে রাজনীতির খবর , সিনেমা – টি ভির কুশীলবদের খবর আর বিজ্ঞাপন , কিছু কেচ্ছার খবর , আর খেলার খবর– মোটামুটি এইই সব । কিন্তু আজ তাঁর সময় কম । তাঁকে একটা একটা করে দায়িত্ব পালন করতে হবে। কোন ত্রুটি হলে চলবে না , কারণ আজকের দিনটা তাঁর কাছে একটা বিশেষ শুভদিন ।

কফি শেষ করে তিনি নিজের ঘরে এলেন , একটা ডায়েরি নিয়ে বসলেন , অনেক কিছু হিসেব নিকেশ করতে লাগলেন , কি সব লিখতে লাগলেন , কতগুলো টেলিফোন করতে হবে তাও লিখে রাখলেন । তারপর ইজি চেয়ারে গা এলিয়ে কি যেন ভাবতে লাগলেন । হঠাৎ তাঁর চমক ভাঙ্গল , এতক্ষণে প্রতিভা উঠে পড়েছেন , তাঁর গলা শোনা যাচ্ছে । ঘড়ি দেখলেন আটটা বাজতে দশ । ঠিকই আছে । আর একটু পর থেকেই আত্মীয় স্বজনদের আসা শুরু হয়ে যাবে । প্রতিভার বোনেদের পরিবার বিয়ের দিন থেকেই আছে । প্রতিভার এক জামাই বাবু রিটায়ার করেছেন আর একজন অবসরের মুখে । ওঁরা বিয়ের দিন এসেছিলেন , আবার আজকে আসবেন , হয়ত যে কোনো মুহূর্তে এসে যাবেন । আর বাকি নিকট আত্মীয়রা সরাসরি অনুষ্ঠান বাড়িতেই চলে যাবেন । দিবাকর উঠে পড়লেন । তৈরি হতে হবে । কাজের ক্রম তালিকা তিনি তৈরি করে ফেলেছেন , সেই অনুযায়ী কাজ গুলো সেরে ফেলবেন । বেলা নটার মধ্যে এ বাড়ির অধিকাংশ লোক অনুষ্ঠান বাড়িতে চলে যাবে । আজ সকালের টিফিন থেকে দুপুরের খাওয়া দাওয়া ওখানেই । অতএব টেনশন নেই ।

এখন বেলা সাড়ে বারোটা বাজে । রান্না বান্না শেষ পর্যায়ে । খাওয়া দাওয়ার পাট একটু পরেই শুরু হয়ে যাবে । দিবাকর খুশি , কারণ সব মোটামুটি ঠিক ঠাক চলছে । তিনি তাঁর ব্যক্তিগত কাজগুলো ও সেরে ফেলেছেন । বিশেষ করে ব্যাঙ্কের কাজ - দুটো ড্রাফটের ব্যবস্থা করে এসেছেন তিনটে নাগাদ নিয়ে আসবেন – কাল সকালেই সকলের টাকা পয়সা যাতে মিটিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করে ফেলেছেন। বাবলুর সঙ্গে কথাও হয়ে গেছে । খালি পাঁচটা নাগাদ একবার বেরোতে হবে , একটা ছোট্ট কাজ সেরে আসতে হবে , তারপর নিশ্চিন্ত । এদিকে প্রতিভা তার দুই বোনের পরিবার এবং ছেলে বৌমাকে নিয়ে এখুনি এসে পড়বে । খাওয়া দাওয়া সেরে আবার বাড়িতে ফিরে যাবে । খানিক বিশ্রামের

পর বেলা চারটে নাগাদ কনে সাজানোর জন্য পার্লার থেকে বিউটিশিয়ানরা এসে যাবে । তারপর তো মহিলামহলের সাজগোজের পালা । উৎসবের শুরু । আজ বড় শুভদিন ।

অনেক অনেক দিন ধরে এই দিনটার অপেক্ষায় ছিলেন তিনি । অনেক যত্নে একটু একটু করে প্রস্তুতি নিয়েছেন । ভবিষ্যৎ কর্ম পন্থা নির্ধারণ করেছেন ভেবে চিন্তে , যাতে পশ্চাত্তাপের কোন অবকাশ না থাকে , যাতে জীবনের শেষ দিনগুলো নিরুদ্বেগে কাটাতে পারেন । অনেক সহ্য করেছেন তিনি , কিন্তু এখন তিনি তাঁর অবশিষ্ট জীবনটা নিজের মত করে বাঁচতে চান । যাকে সুখ ভেবেছিলেন তা কর্পূরের মত তাঁর জীবন থেকে কবেই উবে গেছে। রয়ে গেছে কর্তব্যের গুরুভার । এখন আজকের কর্তব্যটা সঠিক ভাবে পালন করতে পারলেই তিনি খুশি । তাই তাঁর এত চেষ্টা , এত সতর্কতা এত আয়োজন । দুপুরের খাওয়া শুরু হয়ে গেছে , প্রতিভা এবং তার দিদিরা সেদিকটা দেখাশোনা করছে । আসলে তারাই তো এখন সর্বেসর্বা । বরাবর যেমন হয়েছে , অর্থনৈতিক এবং সাংগঠনিক দায়িত্ব তাঁর ওপর , কর্তৃত্বের ভার প্রতিভাদের । অতএব এখন তিনি চুপ করে বসে আছেন আর মাঝে মাঝে ছোট নোটবইটায় হিসেব লেখার ভান করছেন । তারপর কখন যেন আনমনা হয়ে গেলেন তিনি , পুরনো কথা মনে পড়তে লাগলো তাঁর । সেই প্রাক-বিবাহ দিনগুলির কথা । প্রতিভা তখন কলেজে পড়ে , দ্বিতীয় বর্ষের ছাত্রী। ওর সঙ্গে প্রথম দেখা তাঁর এক বন্ধুর বোনের বিয়েতে । প্রতিভা ছিল বিয়ের কনের কলেজের সহপাঠিনী। ওরা একসঙ্গে চার পাঁচজন ছিল , কনেকে নিয়ে নিজেদের মধ্যে হাসি খুশি ইয়ার্কি ঠাট্টায় মশগুল ছিল ওরা । একটু দূরে চেয়ারে বসে দিবাকর আর সৌমেন মজা দেখছিল । তারপর ওরা দুজনে একসঙ্গে উঠে গেল কফি খাওয়ার জন্য । কফি নিয়ে ওদের আগের জায়গায় ফেরার পথে বিপত্তি । কিছু একটা দারুন হাসির ব্যাপার হতে মেয়েরা উচ্চৈঃস্বরে হেসে উঠে এ ওর গায়ে পড়ে যাচ্ছিলো , আর এভাবেই হাসির ঝোঁকে প্রতিভা দিবাকরের গায়ের ওপর এসে পড়েছিল , ফলে দিবাকরের জামায় এবং জামা ভেদ করে শরীরে গরম কফি চলকে পড়ল । প্রতিভা এবং তরুণীকুল অপ্রস্তুতের একশেষ । ততোক্ষণে দিবাকর নিজেকে সামলে নিয়েছে । তাকিয়ে দেখল বেশ সুশ্রী ফরসা একটি মেয়ে। কাঁচুমাচু মুখে বার বার বলছে, স্যরি , স্যরি । দিবাকর নিজেকে সামলে নিয়ে বলেছিল , ঠিক আছে , ঠিক আছে । অপ্রস্তুত তরুণীকুল আস্তে আস্তে অন্যদিকে সরে গিয়েছিল । কোন রকমে খাওয়া দাওয়া মিটিয়ে দিবাকর বাড়ি এসেছিল । দাগ ধরা জামাটা ছাড়তে ছাড়তে মেয়েটির কাঁচুমাচু মুখটা তার মনে এসেছিল। রাগও হয়েছিল বেশ , আবার মনে মনে হেসেছিল সে । বেশ হয়েছে । আরও হ্যা হ্যা করে হাসো । কিন্তু ব্যাপারটা বাড়ির কাউকে বলেনি সে । ঘটনাটা এখানেই থেমে গেলেই ভাল হত , কিন্তু বিধাতার ইচ্ছা অন্যরকম । মাস দেড়েক পরে আবার একটা বিয়ের নেমন্তন্ন - এবার পারিবারিক সূত্রে । আর সেখানে গিয়ে আবার দেখা প্রতিভার সঙ্গে । এবার কিন্তু আলাপের সূত্রপাত হয়ে গেল । জানা গেল দিবাকরের মা আর প্রতিভার পিসি দূর সম্পর্কের বোন । অনেক বছর যাতায়াত নেই , কিন্তু একে অপরের মনে আছে । মাঝে মাঝে অনুষ্ঠান বাড়িতে দেখা হলে কথা বার্তা হয় , তারপর আবার যে কে সেই । কিন্তু এখন তো আলাপের বেশ ঘটা দেখা গেল । কুশল বিনিময়ের সঙ্গে সঙ্গে সংবাদ বিনিময়ও হয়েছিল - ছেলে কি করে , মেয়ে কি পড়ে ইত্যাদি ইত্যাদি । আর প্রতিভার সঙ্গে পরিচয়ের সময় দিবাকর এমন ভাব করেছিল যেন এটাই ওদের প্রথম দেখা । তারপর তো ঝপ করে দু মাসের মধ্যে বিয়ে । তখন ভালই লেগেছিল । মনে হয়েছিল এই পৃথিবীটা কত ভাল । তারপর কালক্রমে সংসার তার নিজের চেহারা দেখিয়েছে । দিবাকর বুঝেছেন পৃথিবীটা অত রঙ্গিন নয় , যতটা দেখায় । হঠাৎ চমক ভাঙ্গল তার । শ্রাবন্তী - তাঁর মাসতুতো বোনের মেয়ে - ডাকছে , মামা , ও মামা -খাবে চল। উঠলেন তিনি ।

এখন পৌনে তিনটে বাজে । খেয়ে উঠে একটু বিশ্রাম নিয়েছেন । অধিকাংশ লোক ও বাড়ি চলে গেছে, বিশ্রাম এবং সন্ধ্যার অনুষ্ঠানের প্রস্তুতির জন্য । ওপাশে বড় সম্বন্ধি অপূর্ব বাবু নিমীলিত চক্ষে চিন্তা মগ্ন। ঘুমোচ্ছেন বলা যাবে না , তাহলেই মুস্কিল । দিবাকর নিজের কাজ শুরু করে দিলেন । ক্যাটারারের এবং ডেকোরেটরের কাছ থেকে নিশ্চিত ভাবে জেনে নিলেন ঠিক কত তাদের দিতে হবে। আর সারাদিনের

জন্য যে গাড়িটা বুক করা হয়েছে , তার টাকাটা দিতে হবে । এখন ব্যাংকে ফোন করে বলে দিলেন কার নামে কত টাকার ড্রাফ্‌ট হবে , একটু পরেই যাবেন তিনি । অনেকদিনের অ্যাকাউন্ট এই ব্যাংকে, অসুবিধা হয় না । ড্রাফ্‌ট দুটো নিয়ে আসবেন । টাকার বন্দোবস্তটা করে ফেলতে হবে । বাবলুকে ফোন করলেন , বলল সব ঠিক আছে । দিবাকর উঠে পড়লেন ব্যাংকে যেতে হবে । আজ বড় শুভদিন।

চারটে নাগাত ব্যাংক থেকে বাড়ি ফিরলেন দিবাকর । এইবার তিনি একটু নিজের কাছে একা হতে চান। এখন তিনি মানসিক ভাবে খুব ক্লান্ত । কফি খাবার ইচ্ছা হচ্ছিল , নিজেই করে নিয়ে এলেন । একটু পরেই পার্লার থেকে বিউটিশিয়ানরা এসে যাবে , তার টাকাও প্রতিভার কাছে দেওয়া আছে । এখন কিছুটা সময় তিনি পাবেন । কফিতে চুমুক দিতে দিতে ফিরে গেলেন সেই অতীতে । বিয়ের পর বছর খানেক খুব ভাল কেটেছিল । তারপর বুঝতে শুরু করলেন দিল্লি কা লাড্ডু কাকে বলে । প্রথম ধাক্কা সন্তান নিয়ে । স্ত্রীর সঙ্গে মজা করে বলতে গিয়েছিলেন ছেলে বা মেয়ে হলে কি নাম রাখা যাবে । প্রতিভার ত্বরিত উত্তর , এখন ওসব কথা মনেও এনো না। আগে মেজদির কিছু হবে তারপর আমার । তারপর যেন সান্ত্বনা দেওয়ার ভঙ্গিতে বলল , দ্যাখো , মেজদির ত আগে বিয়ে হয়েছে না ? সেটা ত ভাবতে হবে , না ? না হলে মেজদি ত দুঃখ পাবে , বল । স্তম্ভিত হয়েছিল দিবাকর , এটা কি ধরনের কথা ? এমন কথা সে কোন দিন শোনেনি । কিন্তু শেষ পর্যন্ত , প্রতিভা কিঞ্চিত চোখের জলে কিছুটা আদর মিশিয়ে কথা আদায় করে নিয়েছিল । এই ভাবেই শুরু । তারপর বেড়াতে যাওয়ার ব্যাপার । প্রথম বছরটায় প্রতিভা এবং তার দিদিরা মিলে জায়গা ঠিক করেছিল কোথায় যাওয়া হবে । সেইমত তারা পুরী গিয়েছিল – হানিমুনে , সপরিবারে । তখন অত কিছু মাথায় নেয়নি দিবাকর । তার পরের বছরও তাই বোনেরা এবং জামাই বাবুরা মিলে জায়গা নির্বাচন করল এবং তাকে যেতে হল এমন একটা জায়গায় যেটা তার আগেই দেখা ছিল , এবং যাবার যাবতীয় ব্যবস্থার দায়িত্ব তারই ওপর পড়ল। তখন সে কিছু মনে করে নি । কিন্তু পরে দেখা গেল এটাই দস্তুর হয়ে দাঁড়িয়েছে , বোনেরা এবং জামাই বাবুরা মিলে জায়গা নির্বাচন করে এবং সকল দায়িত্ব তার কাঁধে । জায়গাটায় সে আগে বেড়াতে গেলেও,তাকে ওখানেই যেতে হবে । এবং সে যদি কোন জায়গার নাম প্রস্তাব করে সেটাও ভোটে বাতিল হয়ে যায় । তারপর বিয়ের বছর বারো পরে , তখন রাহুল ক্লাস সিক্সে পড়ছে এবং কোথাও বেড়াতে যাবার কথা ভেসে ওঠে নি , এমন সময়ে একদিন প্রতিভার মেজদির বাড়িতে দিবাকরদের নিমন্ত্রণ ছিল। দুপুরের খাওয়া দাওয়ার পর বিকেলে যখন চায়ের আসর বসেছিল , তখন একথা সেকথার পর প্রতিভার মেজদি দিবাকরকে বলেছিল , এবার তো আর আমরা কোথাও বেড়াতে যেতে পারছিনা , আমার শ্বশুরের শরীরটা ভাল নয় , দিদিরাও বোধহয় যাচ্ছে না কোথাও , তো তুমি বরং একটা জায়গা পছন্দ করে ওদের নিয়ে ঘুরে এস । ওপর ওপর কথাটা শুনতে ভালই , কিন্তু অনেক দিনের জমা রাগ তার মাথায় আগুন ধরিয়ে দিল । প্রথমে কিছুক্ষণ হা হা করে হাসল সে । মাঝে একবার যেন খুব কষ্টে হাসি থামিয়ে বলল, ওঃ , আপনি এত হাসাতে পারেন , বলে আবার হাসতে লাগল । মেজদির মুখটা কাল হয়ে গেছে, বাকিরাও অপ্রস্তুত । মেজদি রেগে বলল কেন , এতে হাসার কি হল ? হাসি থামাল দিবাকর, তারপর হাসিমুখে বলল , এটা আপনি কি বললেন , দিদি , বেড়াতে যাওয়ার জায়গা ঠিক করব আমি? সেটা ত আপনারা ঠিক করে দেবেন , তারপর কদিন থাকব কোথায় কোথায় যাব , কি কি খাবো সব ত আপনারা বলে দেবেন , অনুমতি দেবেন তবে তো ? মানে , গত বারো বছর তো তাই হয়ে এসেছে । আপনারা জায়গা ঠিক করেছেন , যাবার দিন , কতদিন থাকা হবে ,কত বাজেট কোথায় খাওয়া দাওয়া হবে , সব তো আপনারাই স্থির করেছেন । আমার কাজ তো শুধু ছিল যাতায়াতের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করা , আর গাইডের মতো সঙ্গে থাকা । তাই না ? এই ব্যাপারে আমার কোন স্বাধীনতা কোন দিন ছিল কি ? মেজদি রাগত মুখে জিজ্ঞেস করল , কেন আমরা কি তোমায় কোন খারাপ জায়গায় নিয়ে গেছি নাকি? দিবাকর বলল , না , কিন্তু আমায় কখনো জিজ্ঞেস করেছেন কি , আমি কোথায় যেতে চাই , আমার সেখানে যেতে ইচ্ছা আছে কিনা ? আর সত্যি কথা বলতে কি , অনেক জায়গা আমার আগে থেকে দেখা ছিল , কিন্তু তবু আমি গেছি । বড় জামাই বাবু বললেন , সে তুমি বললেই

পারতে। সে বলল , অপূর্ব দা , আপনাদের স্মরণশক্তি , সত্যিই খুবই কম । তখন আপনারাই বলেছিলেন, নাহয় আরেকবার যাবে । মনে পড়ছে কি ? অপূর্ব মুখ নীচু করলেন । এবার প্রতিভার বড়দি হাল ধরলেন , বললেন দিবাকর , একটু শান্ত হও , যদি তোমার মনে হয় যে আমরা ভুল করেছি , তাহলে আমি এবং আমরা দুঃখিত , তুমি রাগ করো না । তবে ভাই যা হয়েছে তা তো আর ফেরানো যাবে না । তবে আমি অন্তত দেখব যাতে ভবিষ্যতে এরকম আর না হয় । দিবাকর ততক্ষণে নিজেকে সামলে নিয়েছে , একটু শান্ত হয়ে বলল, কিছু মনে করবেন না , উত্তেজিত হয়ে পড়েছিলাম । বড় শালী পরিস্থিতি সামাল দিলেন , বললেন , ঠিক আছে , ঠিক আছে । কিন্তু প্রতিভার এবং তার মেজদি সুবর্ণার থমথমে মুখের দিকে তাকিয়ে দিবাকর বুঝেছিল , সব ঠিক নেই – ঝড় উঠবে । তা উঠুক ।

চিন্তাটা ঠিকই ছিল। ঝড় উঠে ছিল । ছেলে ঘুমিয়ে পড়ার পর প্রতিভা বাদানুবাদ শুরু করে দিয়েছিল। শুরুটা ধীরে হলেও ক্রমশ অত্যন্ত জোরে জোরে কথা বলছিল – তার দিদিকে ওইভাবে বলাটা দিবাকরের উচিৎ হয়নি । এক জায়গায় কি মানুষ দুবার বেড়াতে যায় না ? দিবাকর ওকে বোঝানোর চেষ্টা করেছিল কিন্তু ওকে এত উত্তেজিত হতে সে আগে দেখেনি । হয়ত এর আগে ও এত স্পষ্ট ভাবে প্রতিবাদ পায়নি বলেই । দিবাকর আবারও আস্তে আস্তে বোঝানোর চেষ্টা করেছিল তার বক্তব্য , কিন্তু প্রতিভার চিৎকার মাত্রা ছাড়িয়ে যাচ্ছে দেখে দিবাকর আরও জোরে চেঁচিয়ে উঠে বলেছিল , আস্তে । তারপর গলা একটু নামিয়ে বলেছিল , আমি কালা নই , যা বলবার গলা নামিয়ে বলো । প্রতিভা চমকে গিয়েছিল , দিবাকরকে এত কঠিন এবং আদেশের সুরে কথা বলতে সে আগে শোনেনি । থতমত খেয়ে গিয়েছিল । দিকাকরের রাগ তখনো যায় নি , অনুচ্চ কঠিন গলায় বলল , আমি কি মিথ্যাকথা বলেছি ? আসলে কি জানো , সত্যি কথা সহ্য করার ক্ষমতা তোমাদের নেই । তাই রাগ দেখিয়ে ভুলটা ঢাকা দিতে চাও। আমার ইচ্ছা অনিচ্ছার কোন দাম নেই , না ? প্রতিভা একটু চুপ করে রইল , তারপর তার চোখে শ্রাবণের ধারা নেমেছিল । নিজের ক্ষোভটা প্রকাশ করতে পেরে দিবাকরের হাল্কা লাগছিল । আস্তে আস্তে নিজেকে সামলে নিল । চেয়ারে বসা প্রতিভার দু কাঁধে হাত রেখে বলেছিল , কাঁদে না , যা হয়ে গেছে, গেছে । তুমি কিছু মনে কর না । আমার হঠাৎ খুব রাগ হয়েছিল । বলে চোখের জল মুছিয়ে দিয়ে ছিল । প্রতিভা কিছুক্ষণ চুপ করে বসে রইল , তারপর দিবাকর বলল , চল , শোবে চল । প্রতিভা নিজের সময় মত বিছানায় গেল , বটে , কিন্তু দিবাকরের কোন ডাকেই সাড়া দিল না । তার এই কাঠের পুতুলের মত নিস্প্রাণ আচরণ ওর খুব যে ভাল লেগেছিল তা নয় বরং এটা দিবাকরের মনে একটা দাগ কেটে দিল , যেটা বোধহয় ভবিষ্যতের আরও বড় ভাঙ্গনের সূত্রপাত ।

আসলে অনেক ছোটোখাটো ব্যাপার সইতে সইতে দিবাকরের মনে একটা বিক্ষোভের সৃষ্টি হয়েছিল । আর তারই পরিপ্রেক্ষিতে এই প্রতিবাদ । অফিস থেকে বেড়াতে যাওয়ার ছুটি নেওয়ার ব্যাপারেও তাই । যদি বেড়াতে যাওয়ার সময় তার ছুটি পেতে অসুবিধে হত , তখন প্রতিভা বলত - আমার বাবাও বড় চাকরি করতেন , তাঁর তো ছুটি নিতে কোন অসুবিধে হত না । বাবার সঙ্গে তুলনা , জামাইবাবুদের সঙ্গে তুলনা , লেগেই থাকত । আর এটা তখনকার দিবাকর মোটেই পছন্দ করত না । আরও আছে । যখন দিবাকরদের দিকের কারোর বিয়ের বা অন্য কোন অনুষ্ঠান তখন উপহারের ব্যাপারটা নিয়ে প্রতিভা মাঝে মাঝে ফুট কাটত – বক্তব্য অত দামী কিছু দেওয়ার দরকার কি , একেবারে নিজেদের লোক তো নয় । এটা বেশি প্রকাশ পেত দিবাকরের বাবা- মায়ের চলে যাবার পর থেকে । কিন্তু প্রতিভাদের দিকের কারোর অনুষ্ঠানে দামী কিছু দিতেই হবে , না হলে মান থাকবে না । আর স্বামী স্ত্রীর নিজেদের মধ্যের সম্পর্কটাও খুব ভাল ছিল তা নয় । অনেক মানিয়ে নিয়েছেন , কিন্তু আর নয় । তাই অনেক ভেবেই আজকের দিবাকর এই শুভদিনে এই সিদ্ধান্তটা নিয়েছেন ।

প্রতিভার ডাকে চমক ভাঙ্গল তাঁর । উঠে বসে প্রতিভার বক্তব্য শুনলেন । বিউটিশিয়ানরা এসে গেছে। চওড়া করে হাসলেন দিবাকর , ঠিক আছে , ওদের টাকাটা তো তোমাকে দেওয়াই আছে , তাই না?

প্রতিভা ঘাড় নেড়ে সায় দিলেন । দিবাকর বললেন , আর চিন্তা কি , এবার তোমরাও তৈরি হয়ে নাও। সম্মতি জানিয়ে প্রতিভা চলে গেলেন । দিবাকর ঘড়ি দেখলেন , পাঁচটা দশ । বেশি দেরি হয়নি। বাবলুর কাছে যেতে হবে । আজকের এই শুভদিনে তাঁর যে অনেক কাজ ।

বাবলুর লন্ড্রিতে পৌঁছে দেখলেন , বাবলু দোকানের সামনে দাঁড়িয়ে আছে । জিজ্ঞেস করলেন , কি খবর? ও দোকানে ঢুকে একটা মাঝারি সাইজের সুটকেস বার করে কাউনটারের ওপর রাখল । দিবাকর পকেট থেকে চাবি বার করে সুটকেসটা খুললেন , যেমন রেখেছিলেন তেমনি সাজানো আছে

জামা প্যান্ট থেকে শুরু করে শেভিং সেট , ইত্যাদি , কিছু প্রয়োজনীয় ওষুধ পত্র , এই রকম নানা নিত্য প্রয়োজনীয় বস্তু – মানে ছোট খাটো ট্যুর করতে গেলে যা যা লাগতে পারে আরকি । আর সাজানো থাকবে নাই বা কেন , নিজের হাতেই সব গুছিয়েছেন তো । তফাতের মধ্যে ট্যুরটা একটু বড়ই বেশ বড় । অনেক দিন ধরে এই দিনটা সাজিয়েছেন তিনি , অনেক যত্নে । ভাগ্যক্রমে যেদিন তিনি এক বিচিত্র জায়গার সন্ধান পেয়েছিলেন , সেদিন থেকে তিনি ভবিষ্যৎ কর্মপদ্ধতি চিন্তা করতে শুরু করেছিলেন । সে বছর পাঁচেক আগের কথা । অফিসের কাজে দিল্লি গিয়েছিলেন । নির্ধারিত সময়ের একদিন আগে শুক্রবারে লাঞ্চের একটু পরেই সব কাজ নির্বিঘ্নে শেষ হয়েছিল , শনিবারটা হাতে , তাই বাড়তি দিনটা কিভাবে কাটাবেন ভাবছিলেন । অধস্তন কিন্তু প্রিয় সহকর্মী শঙ্কর হালদারের সঙ্গে কথা হচ্ছিল এই নিয়ে । শঙ্কর বলেছিল এক কাজ করুন , আমাদের বাড়িতে চলুন । বাড়িতে কিছু বলতে হবে না । কিন্তু দিবাকরের মনটা খুঁতখুঁত করছিল । ভাবছিলেন বাড়িতে খবর রেখে তারপর যাবেন । মোবাইলে টেলিফোন করে প্রতিভার গলা শুনে হ্যালো বলার সঙ্গে সঙ্গে প্রতিভার উচ্ছসিত গলা শোনা গেল , ওঃ , তুমি একেবারে ঠিক সময়ে ফোন করেছ । শোনো না , আমি আর বুবাই এখন বড়দির বাড়িতে আছি , বড়দি বলছে দুএকদিন থেকে যেতে , থাকব গো ? তারপর হঠাৎ মনে পড়ার মত করে বলেছিল , তুমি তো শনিবার রাতে আসবে ? আমি যদি রবিবার সকালে ফিরি খুব অসুবিধে হবে? একটা বেলা চালিয়ে নিতে পারবে না ? হোম ডেলিভারি আনিয়ে নিয়ো । দিবাকর নিজের ক্রোধকে সম্বরণ করে সহজ গলায় বলেছিলেন , আরে হ্যাঁ , আমি ত সেই জন্যেই ফোন করলাম । আমার কাজটা শেষ করে ফিরতে ফিরতে রবিবার রাত্তির হয়ে যাবে । তা ভালই তো হল , তুমি তোমার সুবিধা মত এস , আমি ম্যানেজ করে নেব ‘খন । খুব খুশী প্রতিভা । ঠিক আছে , ঠিক আছে বলে সাধারণ দুটো একটা কথা বলে ফোন ছেড়ে দিলেন । সঙ্গে সঙ্গে মনস্থির করে নিলেন, শঙ্করদের বাড়িতেই যাবেন । তার আগে ওর সঙ্গে কথা বলে জেনে নিলেন , ওর সত্যিই কোন অসুবিধে হবে না তো ? একগাল হেসে শঙ্কর বলেছিল , কি যে বলেন দাদা ? এটা তো আমার সৌভাগ্য। তা সত্যিই ওদের বাড়িতে গিয়ে বুঝলেন , না এলে অনেক কিছুর স্বাদ পাওয়া হতনা । ওদের বাড়ির আন্তরিকতা , আতিথেয়তা মনে রাখার মত । আর সবার ওপরে আনন্দ আশ্রম – একটা বিচিত্র জায়গা। একটা নিশ্বাস পড়ল তাঁর, বাস্তবে ফিরে এলেন । আস্তে আস্তে সুটকেসটা বন্ধ করলেন , বললেন আমি সাড়ে সাতটা থেকে আটটার মধ্যে এসে যাব । বাবলু ঘাড় নেড়ে সায় দিল । ঘড়ি দেখলেন – হাতে সময় বেশী নেই । বাড়ির দিকে এগিয়ে গেলেন ।

বাড়ি পৌঁছে নিজের ঘরে গেলেন , নানাবিধ ঝঙ্কার সহ সম্মিলিত নারীকন্ঠ শোনা যাচ্ছে । সাজসজ্জা পর্ব বোধহয় এখনো চলছে । চলুক । নিজের ট্রাভেল ব্যাগটায় এক সেট প্যান্ট শার্ট এবং আরও নানা খুব প্রয়োজনীয় জিনিস গুছিয়ে নিয়ে নিলেন । তাঁর এবং প্রতিভার জয়েন্ট অ্যাকাউনটের এবং আরও দুটো ব্যাংকের পাস বই , চেক বই , এ টি এম কার্ড , ক্যাটারারের , ভাড়ার গাড়ির এবং ডেকোরেটরের ড্রাফ্ট তিনটে এবং প্রতিভাকে লেখা একটা চিঠি , সব তার টেবিলের ড্রয়ারের মধ্যে সাজিয়ে রাখলেন। তাঁর বন্ধু উকিল সুশান্ত কে বলা আছে সে টাকা পয়সা এবং আনুষঙ্গিক বিষয়গুলো প্রতিভাকে বুঝিয়ে দেবে । সব কাজ শেষ হলে ইজি চেয়ারটায় বসলেন । একটু পরেই সুসজ্জিতা এবং সুরভিতা হয়ে প্রতিভার

প্রবেশ । এসেই বললেন , তুমি এখনও বসে আছ ? রেডি হও নি , ও বাড়ি যাবেনা ? দিবাকর মিষ্টি হেসে বললেন , এই তো । তোমরা এগিয়ে যাও , আমি আসছি । তারপর জিজ্ঞেস করলেন বাকি সবাই রেডি ? প্রতিভা গৃহিণীসুলভ ভঙ্গিতে বললেন , হ্যাঁ , বড়দিরা চলে গেছে , আমরাও যাচ্ছি । তুমি তাড়াতাড়ি চলে এস । তোমার পাঞ্জাবি ধুতি সব সাজানো আছে । দিবাকর মুখে শিষ্ট হাসি এনে বললেন, ওঃ থ্যাঙ্ক ইউ , ঠিক আছে । বাড়িতে কে কে থাকছে ? প্রতিভা বলল , ছোট মাসি , আমাদের মিনুর মা আর রেখা পিসি ( পাড়ার সার্বজনীন পিসি ) । দিবাকর বললেন , তাহলে তো ঠিকই আছে। প্রতিভা বলল , আর কেউ না কেউ তো আসতেই থাকবে । হাসলেন তিনি , সেতো বটেই । প্রতিভা চলে গেলেন । আবার ঘড়ি দেখলেন – পৌনে সাতটা । মোটামুটি আর এক দেড় ঘন্টার মধ্যেই যবনিকা পড়বে , আজকের নাটকের । প্রস্তুত হতে সময় লাগবে না - সব গোছানোই আছে , কিন্তু তবু আর একবার দেখে নেওয়া ভাল , কারণ ভ্রম সংশোধনের সুযোগ পাওয়া যাবে না । স্থির করলেন , ঠিক সাড়ে সাতটায় বেরিয়ে পড়বেন । ততোক্ষণ একটু বসে সময়ের অপেক্ষা করবেন । বসলেন ইজি চেয়ারে। মন চলে গেল অতীতে । শঙ্কর হালদারের সঙ্গে দিল্লী থেকে ফেরার পথে আসানসোলে নেমেছিলেন । ট্রেন বদলে অনডালে নামলেন , সেখান থেকে প্রথমে অটো ধরে পনেরো মিনিটের পথ হরিদেবপুর মোড়। তারপর রিক্সায় আরও মিনিট পাঁচেকের পথ। তারপর শঙ্কর হালদারের বাড়ি । উষ্ণ অভ্যর্থনায় ভেসে গেছিলেন দিবাকর । শঙ্করের মা , স্ত্রী এবং ছেলেমেয়েরা যেন হাতে চাঁদ পেয়েছিল । তারা দিবাকরকে কোথায় বসাবে ভেবেই পাচ্ছিল না । সাধারণ একতলা তিন কামরার বাড়ি , পেছনে কাঠা খানেক জমিতে ছোট্ট একটু সাজানো বাগান ওইটুকুর মধ্যে ফুল , ফল এবং সবজি সবই আছে । স্ত্রী , দুই ছেলে এক মেয়ে আর মাকে নিয়ে সংসার শঙ্করের । হাসি খুশী পরিবার । খুব ভাল লাগলো তার । সাধারণ মধ্যবিত্ত সংসার , কিন্তু সীমিত সামর্থ্য তাদের মনের আনন্দকে ম্লান করতে পারেনি । তাদের আয়োজন এবং রান্না তাঁর খুব ভাল লেগেছিল । তারপর দুপুরের খাওয়া দাওয়ার পর একটু বিশ্রাম নিয়ে বিকেলে সেই আশ্চর্য জায়গায় যাওয়া যার নাম আনন্দ আশ্রম । ভেবেছিলেন কোন সাধু মহারাজের আশ্রম হবে, কিন্তু সেখানে গিয়ে ভুল ভেঙ্গে গেল তাঁর । গেট দিয়ে ঢুকে ডানদিকে গিয়ে এল প্যাটার্নের একটা সাধারণ বাড়ি । এল-এর বড় বাহুটার ঠিক বিপরীত দিকে একটা মন্দির , কিন্তু কোন জাঁক জমক ওয়ালা মন্দির নয় । পাঁচটা সিঁড়ি উঠে প্রশস্ত চাতাল , সেখানে দুটি প্রকোষ্ঠ নিয়ে মন্দির । পরে দেখেছিলেন একটিতে কালী এবং শিব , অন্যটাতে রাধাকৃষ্ণ । এল-এর ছোট বাহুটার ঠিক বিপরীত দিকে সারি সারি পাঁচ খানা ঘর , পাকা ঘর , আপাতত তালা দেওয়া । আর এল-এর ছোট বাহুতে গুটি দুই ঘর। আর মাঝখানটায় কাঠা খানেক মত ফাঁকা জমি । শঙ্কর গিয়ে ডাকল , দাদা । একটা ঘর থেকে একটি কম বয়েসি ছেলে এসে বলল , দাদা মাঠে আছেন । শঙ্কর বলল ,কোথায় ? । ছেলেটি পথপ্রদর্শক হয়ে এল-এর বড় বাহু সংলগ্ন একটা গেট খুলে এগিয়ে চলল । দিবাকর দেখতে দেখতে চলেছিলেন । পাঁচিল ঘেরা বেশ কিছুটা জমি – প্রায় বিঘে চারেক মত – দেখাই যাচ্ছে যে সেখানে চাষবাস হয় । তিন চার জন মাঠে কাজ করছে । নানা প্রকার সবজি , ফুল এবং ফলের গাছ । খুব সাজান । শীত চলেই গেছে , কিন্তু শীতের সব্জি এখনো দেখা যাচ্ছে -টোম্যাটো , পালং শাক , ফুলকপি, বাঁধাকপি – কি নেই? অন্য দিকে ফুলের গাছ - নানা রকম ফুলের গাছ – গাঁদা, রজনীগন্ধা , ডালিয়া আরও কত কি। মাঠের বিভিন্ন প্রান্তে যাবার জন্যে সুন্দর রাস্তা করা আছে । মাঠের ঠিক মাঝামাঝি একটা বড় আমগাছের নীচে এক ভদ্রলোক দাঁড়িয়ে আছেন – বোঝাই যাচ্ছে কাজকর্ম দেখাশোনা করছেন । কালোর ওপর সৌম্য দর্শন দীর্ঘ চেহারা , দাদা দুজনের দিকে দেখলেন, তারপর হেসে বললেন, আসুন । ওঁরা সেই এল- বাড়িতে ফিরে এলেন । এল বাড়ির বড় বাহুটায় সার দিয়ে চারটে ঘর , সামনে প্রশস্ত চাতাল, লম্বা হয়ে চারটে ঘরের সামনে দিয়ে চলে গেছে । সেই চাতালে বসবার ব্যবস্থা করে দাদা ওদের নিয়ে বসলেন । খুব সাধারণ ঘরোয়া কথাবার্তা দিয়ে শুরু। তারপর বিষয় থেকে বিষয়ান্তরে । দিবাকর প্রশ্ন করেছিলেন আশ্রমে কি কি হয় , চাষবাসের ব্যবস্থাই বা কেন । দাদা হেসে বলেছিলেন , মানুষ যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে , এটা তারই একটা প্রচেষ্টা , আনন্দে থাকার একটা চেষ্টা মাত্র । দিবাকরের মনে হয়েছিল , দাদা যেটুকু বললেন , সেটাই সব নয় , আরও যেন কিছু আছে । কৌতূহল

মেটাবার জন্যে প্রশ্ন করলেন , আর ওই ঘরগুলো? দাদা হাসলেন, ওটা কারখানা – মানুষ গড়ার কারখানা। চেষ্টা করা হয় যাতে মানুষ নিজের ভালটা বুঝতে পারে, এই আর কি। দিবাকর বুঝলেন ওটা স্কুল। দাদা নিজেই বিশদ হলেন ওটা একটা অবৈতনিক প্রাইমারী স্কুল। কলেজ পড়ুয়া তিনটি স্থানীয় ছেলে নামমাত্র দক্ষিণার বিনিময়ে শিক্ষাদান করে । সরকারী অনুমোদনের অপেক্ষায় আছেন। হয়ত পেয়ে যাবেন। মনটা ভাল হয়ে গেল দিবাকরের। এ তো ভারি অদ্ভুত জায়গা।

মোবাইলে অ্যালার্ম বেজে উঠল। ঠিক সাড়ে সাতটা। উঠলেন, নিজেকে বললেন, চল মুশাফের, বাঁধো গাঁঠেরি। ইতিমধ্যে প্রতিভার টেলিফোন , কখন আসছ ? রসিকতার সুরে তরল গলায় বললেন, আরে বাবা, তুমি থাকলেই তো হবে ছেলের মা বলে কথা । প্রতিভা সিরিয়াস হয়ে গেলেন , ইয়ারকি করো না তো,তাড়াতাড়ি চলে এস । দিবাকর বললেন , এই তো এইবার রওনা হব । প্রতিভা বললেন, ঠিক আছে। দিবাকর একটু ভাবলেন , তারপর আগের পরিকল্পনাটা একটু পালটে নিলেন , ট্রেন দশটা পঞ্চাশে, অতএব আরও একটু পরে বেরোলেও হবে – এই সাড়ে আটটা পৌনে নটা নাগাদ। আর যাবেন তো গাড়িতে – তাই খুব অসুবিধে হবে না । অতএব উৎসব উপলক্ষে একটু বেশি সময়ই না হয় দিলেন। মজাই হবে। শেষবারের মত সবকিছু পরীক্ষা করে দেখে নিলেন । তারপর ধূতি পাঞ্জাবি পরে রওনা দিলেন, সঙ্গে সেই ট্রাভেল ব্যাগটা আর কাঁধে ঝোলান একটা হাতব্যাগ । আগে ট্রাভেল ব্যাগটা বাবলুর দোকানে রেখে এলেন । তারপর অনুষ্ঠান বাড়িটাতে ঢুকলেন । যেখানে বর কনে বসার জায়গা সেখানে কনে তার বান্ধবীদের সঙ্গে কথা বার্তা বলছে । রাহুল কেও দেখতে পেলেন। সেও অতিথি আপ্যায়নে ব্যস্ত। মহিলাদের বসার ঘরে হাসি ঠাট্টা চলছে । সব ঠিক ঠাক চলছে । দিবাকর একটা চেয়ারে বসলেন। ওঁকেদেখে অজয় ( ক্যাটারার ) এগিয়ে এল । একটা প্লেটে চিকেন পকোড়া আর এক কাপ কফি। একগাল হেসে বলল একটু টেস্ট করুন । দিবাকর আপত্তি করলেন না । পরের খাবারের অনেক দেরী। যা পাচ্ছেন সদ্ব্যবহার করাই ভাল। একটু পরেই কনেযাত্রীরা হৈ হৈ করে এসে পড়লেন। অনেক “কেমন আছিস মা , তুমি কেমন আছ, ছোড়দা আসেনি , কিসুন্দর দেখাচ্ছে “ জাতীয় বাক্য বিনিময় হল । তারপর কন্যাকর্তা এলেন তার সঙ্গে দেখা করতে , সঙ্গে আরও দুই ভদ্রলোক যাদের দিবাকর চেনেন না, চেনার ইচ্ছেও নেই। তথাপি পরিচয়- টরিচয় হল । দাঁত বার করে যথাবিধি সৌজন্য বিনিময় করলেন, নিমন্ত্রণ প্রতিনিমন্ত্রণ হল, তারপর ওঁরা অন্যদিকে গেলেন । দিবাকর ঘড়ি দেখলেন , আটটা বেজে দশ। এবার তৈরি হতে হবে। একটু খুঁজতেই প্রতিভার দেখা পেলেন । দুয়েকটা সাধারণ কথা বার্তার পর নিচু স্বরে হাসি হাসি মুখ করে বললেন, তোমাকে ত চেনাই যাচ্ছে না , আর একবার বিয়ে দিয়ে আনা যাবে। প্রতিভা আরক্ত মুখে বললেন, কি যে করো না, সব সময় ইয়ারকি ভাল লাগে না । আজ প্রতিভার মুডটা ভালই আছে। দিবাকর একটু হেসে এগিয়ে গেলেন । ছেলের সঙ্গে দেখা করলেন , বললেন, সব ঠিক আছে তো? রাহুল বলল হ্যাঁ। আবার বললেন বন্ধুরা সব এসে গেছে ? রাহুল বলল দুএকজন ছাড়া সবাই এসে গেছে। ছেলেকে বললেন , বেশ সব দেখে শুনে নিয়ো । বউমার দিকে এগিয়ে গেলেন , হাসলেন, শরীর ঠিক আছে ত, মা? রীনা হাসি হাসি মুখ করে বলল হ্যাঁ , হ্যাঁ , ঠিক আছে । দিবাকর বললেন, ভাল থেকো। আবার ছেলের কাছে এলেন , বললেন আমি একটু বাড়ি থেকে ঘুরে আসছি, আমার আসতে একটু দেরি হতে পারে , তোর মাকে বলে দিস । রাহুল বলল আচ্ছা । দিবাকর এবার চারিদিক তাকিয়ে দেখলেন একবার। উৎসব মুখরিত বাড়ি , যে যার মতো আনন্দে মশগুল। আর হবে নাই বা কেন, বিয়ের অনুষ্ঠান বলে কথা। আস্তে আস্তে বেরোলেন দিবাকর , সিঁড়ি দিয়ে নামলেন , তারপর রাস্তায়। হন্তদন্ত ভঙ্গিতে বাড়িতে গেলেন। প্রতিভার ছোট মাসির সঙ্গে দেখা হল ,তিনি জিজ্ঞেস করলেন, কি হল আবার? দিবাকর হাসলেন , মোবাইলটা ভুলে গেছি । ছোট মাসি হেসে বসবার ঘরটায় চলে গেলেন। দিবাকর দ্রুত হস্তে পোশাক পালটে শার্ট প্যান্ট পরে নিলেন, ধুতি পাঞ্জাবি বিছানার ওপর গুছিয়ে রাখলেন। তারপর খুব সাধারণ ভাবে বাড়ি থেকে বেরিয়ে গেলেন।

বাবলুর লন্ড্রিতে পৌঁছলেন, বাবলু প্রস্তুত হয়েই ছিল, দোকানের শাটার টেনে তালা লাগিয়ে দিবাকরের সুটকেসটা হাতে নিয়ে ওঁর সঙ্গে চলল । দিবাকরের হাতে ট্রাভেল ব্যাগ, কাঁধে হাত ব্যাগ টা । মিনিট পাঁচেক হাঁটতেই বড় রাস্তা। রাস্তার ওপারে এদিককার বিখ্যাত মিষ্টির দোকানটা। ওপারে গেলেন না , এপারেই রইলেন। বাবলুকে বললেন, যা বলেছি মনে আছে তো? বাবলু ঘাড় নাড়ল । ওর পকেটে কিছু টাকা গুঁজে দিলেন। ও নিতে চাইছিল না, কিন্তু ওঁর সনির্বন্ধ অনু রোধে নিল শেষ পর্যন্ত । সময় এগিয়ে যাচ্ছে। একটা ওলা ট্যাক্সি ডেকেছেন – আরও মিনিট ছয়েক লাগবে আসতে। দিবাকর চারিদিকের দৃশ্য দেখতে থাকলেন – বহু দিনের পরিচিত এই জায়গাটা - সুকান্তর ওই মিষ্টির দোকানটা, তার ওধারে শুভর টেলারিং তারপর নতুন চালু হওয়া ইলেকট্রনিক সামগ্রীর বড় দোকানটা। তার ওধারের বাজারের সামনেটা এখনও গম গম করছে। একটু দূরেই সারি সারি কয়েকটা " বস্ত্রালয় "। তারপর রাহুল যে কোচিং এ পড়ত সেই সুমন্ত স্যারের কোচিং । দিবাকর জানেন এসব আবার তিনি দেখবেন এমন কোন সম্ভাবনা নেই , তাই শেষ বারের মত দেখে নিচ্ছেন কি ? কত যে স্মৃতি মনের মধ্যে ভিড় করে আসে, কিন্তু আর দেখার বা ভাবার সময় নেই। ট্যাক্সি এসে গেছে । বাবলু ওনার সুটকেসটা ট্যাক্সিতে তুলে দিল । ট্যাক্সিতে উঠে বাবলুকে বিদায় জানালেন। নমস্কার জানিয়ে বাবলু নিজের দোকানে ফিরে চলল। ট্যাক্সি স্টার্ট দিল, দিবাকর একবার পেছন ফিরে চেনা পৃথিবীটাকে শেষ বারের মত দেখে নিলেন। তারপর যাত্রা হল শুরু।

হাওড়া ষ্টেশন। স্টেশনে নেমে খেয়ে নিলেন কিছু। তারপর কুলির সাহায্যে ট্রেনে উঠে গুছিয়ে বসলেন। এ সি কোচ , অসুবিধের কোন ব্যাপার নেই। এখন সওয়া দশটা, ট্রেন ছাড়তে পঁচিশ মিনিট মতো বাকি। এমন সময় মোবাইল বেজে উঠলো – প্রতিভা। এর আগেও দুটো ফোন এসেছিল – একটা প্রতিভার বড় জামাইবাবুর , আরেকটা প্রতিভার। কোনটাই ধরেন নি । কিন্তু এই ফোনটা ধরলেন দিবাকর – এখন তাঁর সময় হয়েছে ফোনটা ধরার। এতক্ষণ ফোনটা সুইচ অফ করেননি এই ফোনটা আসার অপেক্ষাতেই। প্রতিভার কন্ঠস্বর – তাতে উদ্বেগ হয়ত আছে , কিন্তু সেই সঙ্গে সামান্য বিরক্তিও যেন , তুমি কোথায়? কখন আসবে? এত দেরি করছো কেন? দিবাকর ধীরে ধীরে উত্তর দিলেন, দ্যাখো আমি এখন অনেক দূর পথের যাত্রী তাই যেতে পারছিনা, দুঃখিত। আর আমি না গেলেই বা ক্ষতি কি? আমার অভাবে তোমাদের কোন অনুষ্ঠান আটকে থাকবে না। আমার টেবিলের দ্বিতীয় ড্রয়ারে সমস্ত দরকারি কাগজ রাখা আছে, আমার উকিল সুশান্ত – কাল সে তোমার কাছে যাবে - সব বুঝিয়ে দেবে, কাকে কি দিতে হবে না হবে, কি ভাবে দেবে – সব। আমি না থাকলেও তোমার কোন অসুবিধা হবে না। রাহুল বড় হয়ে গেছে, সে সব বুঝে নিতে পারবে। প্রতিভার বাস্পরুদ্ধ কন্ঠ স্বর ভেসে এল, তুমি কোথায় যাচ্ছ? এই দিনে তুমি এরকম কেন করলে? কেন? আমি কি করেছি? দিবাকর শুধু বললেন , বাই। বলে লাইন কেটে মোবাইল সুইচ অফ করে দিলেন।


নিজের জায়গায় বসলেন। মনে শান্তি পেয়েছেন। অনেক অনেক দিনের তিক্ততার আজ ইতি ঘটাতে পেরেছেন – এ পর্যন্ত সকল দায়িত্ব যথাসম্ভব পালন করে এসেছেন, এবার তোমাদের পালা। ট্রেন এতক্ষণে চলতে শুরু করে দিয়েছে, ধীরগতির থেকে বেগ ক্রমশ বাড়ছে। রাত প্রায় আড়াইটে নাগাত আসানসোলে পৌঁছে যাবেন, ভোর সাড়ে পাঁচটা নাগাত বর্ধমান মুখী লোকাল ট্রেন ধরে অনডাল। শঙ্কর হালদার অনডাল ষ্টেশনে থাকবে। সেখান থেকে আনন্দ আশ্রমে। সেখানে একটা ঘরের ব্যবস্থা করাই আছে, দাদার সাহায্যে এবং অনুমোদনেই হয়েছে সেটা, এবং দাদার সঙ্গে কথা হয়ে গেছে যে তিনি আসছেন ,অতএব আশা করা যায় অসুবিধা হবে না। দাদার সাহায্যে নতুন কাগজ পত্র হয়েছে দিনকর রায়ের নামে,(ছোট্ট একটা ছাপার ভুল?), বর্ধমানে ব্যাংক অ্যাকাউন্ট খুলে সেখানে প্রয়োজনীয় টাকা রাখা আছে তার জন্যে তাঁকে বর্দ্ধমানে কিছুদিন একটা ঘর ভাড়া নিতে হয়েছিল , মাঝে মাঝে দু একদিন থেকে গেছেন। শঙ্কর হালদার খুব সাহায্য করেছে। না হলে ওই জায়গাতে অপরিচিত কারোর ঘর পাওয়া মুশকিল ছিল। যাই হোক মোটামুটি সব ব্যবস্থা করা আছে। মনে আছে, দাদা একবার জিজ্ঞেসও করেছিলেন, এই সিদ্ধান্ত

কেন? যতটা সম্ভব ইশারা-ইঙ্গিতে বলেছিলেন দিবাকর। তারপর বলেছিলেন একটা নতুন জীবনের স্বাদ পেতে চান। আসলে তিনি ভেবেছেন, অনেক ভেবেছেন, তারপর ঠিক করেছেন দাদার ওখানে ওই মানুষ গড়ার কারখানায় তিনিও একজন কারিগর হতে চান। আর দাদাকেও সেকথা বলেছেন। দাদা আর আপত্তি করেন নি। বলেছিলেন , কর্মকাণ্ডে স্বাগতম।

এই সব সাত পাঁচ ভাবতে ভাবতে অন্যমনস্ক হয়ে পড়েছিলেন। হঠাৎ চমক ভাঙ্গল – বর্দ্ধমান এসে গেছে। এবার সতর্ক থাকতে হবে। বর্দ্ধমানেই নামতে পারতেন কিন্তু ইচ্ছে করেই এই ঘুরপথ বেছে নিয়েছিলেন, যাতে অনড়ালে যখন নামবেন তখন সকাল হয়ে যায়। আর যদি, যদিই কেউ খোঁজার চেষ্টা করে, সে বিভ্রান্ত হবে  তাঁর টিকিট অবশ্য দিল্লীর। সেটাও আর একটা ব্যাপার হবে । কিন্তু অতীত পিছু ছাড়তে চায় না, তিনি আবার অন্যমনস্ক হয়ে গেলেন । এই রাহুল – তাঁর একমাত্র সন্তান  সেও কিন্তু তাঁর থেকে তার মাকে পছন্দ করে। ওদের নিজেদের পছন্দের বিয়ে। তা হোক। প্রতিভা সবই জানতেন , কিন্তু দিবাকর জানতে পেরেছিলেন একেবারে শেষ মুহূর্তে। ব্যাপারটা বুঝেছিলেন, এই বিয়েতে কোথাও নিজের মত প্রকাশ করেন নি, সবেতেই সায় দিয়েছেন। তোমরা ভাল থেকো– তাহলেই হবে। চিন্তায় চিন্তায় অনেকটা সময় কেটে গেছে। একটু পরেই গাড়ি আসানসোলে ঢুকবে।

ট্রেনের গতি ক্রমশ কমে আসছে। দিবাকর উঠে দাঁড়ালেন, সুটকেস আর ট্রাভেল ব্যাগটা গুছিয়ে নিলেন। এগিয়ে চললেন নামার জন্য। আসানসোল এগিয়ে আসছে। আর কিছুক্ষণের মধ্যেই তাঁর নতুন জীবন শুরু হয়ে যাবে।

আজ বড় শুভদিন । ।



*pc Sinjini Basu*

# নবপত্রিকা ও নবদুর্গা

**ডাঃ মঞ্জুশ্রী মুখোপাধ্যায়**
**ম্যান্সফিল্ড, ইংল্যান্ড**

**দেবী** দুর্গার মৃন্ময়ী মূর্তি পূজায় নবপত্রিকার একটি বিশিষ্ট গুরুত্বপূর্ণ ভূমিকা আছে প্রকৃত পক্ষে নবপত্রিকা মহাশক্তি মহামায়ারই আরো একটি রূপ।

নয়টি সজীব, সবুজ, উদ্ভিজ্জ ও সপল্লব তরু শাখাদের একত্র করে অপরাজিতার লতা ও লাল সুতো দিয়ে বেঁধে নবপত্রিকা গড়া হয়. এগুলির মধ্যে থাকে রম্ভা, কচু, হরিদ্রা, মান ও ধান্য, এবং জয়ন্তী, বিল্ব ও অশোকের শাখা।

রম্ভা বা কদলী, কচু, হরিদ্রা বা হলুদ মান ও ধানমূল সমেত গাছ, আর জয়ন্তী, বিল্ব বা বেল দাড়িম অশোকের সপত্র শাখায় ব্যবহার হয়।

বিল্ব বা বেল শাখা যুগল বেল সমেত প্রশস্ত হলেও আলাদা ভাবেও ব্যবহার হয়। নবপত্রিকায়ে বিল্ব শাখার স্থানই প্রধান। কারণ দেবী দূর্গা একদা দেবতাদের বলেছিলেন - "শরৎকালে আমি বিল্ব বৃক্ষে নিদ্রিত থাকবো (শরৎকাল অর্থাৎ সূর্যের দক্ষিণায়ন দেব দেবীর - নিদ্রাকাল) তোমরা বিল্ব বৃক্ষ মূলে 'বোধন 'পূজা সম্পাদন করে যুগলবেল বা শ্রীফল যুক্ত বিল্বশাখা ভদ্রপিঠে স্থাপন করে মহাশক্তির আরাধনা করো।" বৃহদ্ধর্ম পুরানে এক অভিনব কাহিনীর বর্ণনা আছে - ব্রহ্মা যখন অন্যান্য দেবগনের সঙ্গে মিলিত হয়ে শ্রী রামচন্দ্রের জন্য মহামায়ার অনুগ্রহ লাভের নিমিত্ত স্তব করছেন, তখন তাঁরা দর্শন করলেন এক দিব্যকুমারীকে। তিনি বললেন - "ভগবতী দূর্গা আমায় পাঠিয়েছেন - আগামীকাল বিল্ববৃক্ষে তোমরা তাঁর বোধন করো। দেবী ভগবতী তোমাদের প্রার্থনায় জাগ্রতা হলে তোমরা তাঁর পুজো করবে, তাহলে রামচন্দ্রের রাবণ বধের অভীষ্ট সিদ্ধ হবে।" দেবলোক ছেড়ে ব্রহ্মা দেবগনের সঙ্গে মর্ত্যে এসে এক গভীর বনে এক মহাবিল্ববৃক্ষ দেখতে পেলেন, তাঁর পাদমূলে পত্র রাশির স্তুপে এক জোতির্ময়ী ভুবনমোহিনী বালিকা ঘুমিয়ে আছেন। ব্রহ্মা দেবীর এই লীলায় বিস্মিত হলেন - তাঁর মুখে উচ্চারিত হলো দেবীর বোধন স্তুতি - হে দেবী, তুমি যে মহেশ্বরী তা আমি জানি ... এই অকালে এখন তুমি তোমার শক্তি প্রকাশ করো। ত্বাং নত্বাহং বোধয়ে তৎ প্রসীদ' - তোমাকে নতিপূর্বক বোধিত করছি, তুমি প্রসন্না হও ..... এই স্তুতি শুনে ধীরে ধীরে নিদ্রিতা বালিকা মিলিয়ে গিয়ে দেবী চন্ডীকা উদ্ভাসিত হলেন।

কালিকা পুরাণেও আছে দেবতাদের আহবানে মহিষাহার নিধনের নিমিত্ত কাত্যায়ন মুনির আশ্রমে দেবীর আবির্ভাব ঘটেছিল। আমাদের বাংলার কবি ভবপ্রীতানন্দ ওঝা লিখেছেন -

" মহিষাসুরে নাশিতে ডাকে কাত্যায়ন মুনি
সন্ধ্যাকালে বিল্বমূলে দেখা দিলে কাত্যায়নী। "

ষষ্ঠীর দিন সন্ধ্যায় বেল গাছের নীচে দেবীর বোধন করে, পূজার উপকরণ গুলিকে সংস্কার করে নেওয়া হয়। এই হল অধিবাস. যুগল শ্রীফল (বেল) যুক্ত কিংবা ফল হীন বিল্বশাখাকে, নবপত্রিকার অন্যান্য পত্রিকার সঙ্গে বরণডালায় রক্ষিত গন্ধ দ্রব্যাদি দিয়ে অধিবাসন করতে হয়। বিল্বশাখাকে সিন্দুর দিয়ে মন্ত্র পাঠ করা হয় যেমন - মেরু মন্দর কৈলাসাদি পর্বত শিখরে শ্রীফল বৃক্ষের জন্ম। শ্রীফল বৃক্ষ দেবী অম্বিকার অত্যন্ত প্রিয় এবং লক্ষ্মীর আবাস স্থল. শ্রীফল দূর্গা স্বরূপা ও শঙ্করের প্রিয়া. চন্ডিকালয়ে নেওয়ার জন্য আমি তোমাকে বরণ করছি। "

সপ্তমী পূজার দিন প্রথমেই বিল্বশাখার পূজা করে সিন্দুর চিহ্নিত স্থানটিতে অস্ত্র দিয়ে ছেদন করে আবার মন্ত্র পাঠ করা হয়।

"হে চণ্ডাত্মীকে চন্ডি, হে চন্ড বিগ্রহকারিনি, হে চণ্ডীকে, তুমি সুমুখী শঙ্কর প্রিয়া। সর্বকল্যাণের নিমিত্ত, পুত্র - আয়ু - ধন বৃদ্ধি হেতু - আমি তোমাকে চন্ডি মন্দিরে নিয়ে যাচ্ছি। হে দেবী বিল্বশাখাকে আশ্রয় করে তোমার গণসহ তুমি অবস্থান করো। " পূজা মণ্ডপে প্রবেশের আগে নবপত্রিকা কে স্নান করানো হয় মহা সমারোহে কাঁসর ঘন্টা ঢাকের বাজনা সহকারে। গ্রাম বাংলায় এখনও কিছু কিছু অঞ্চলে এই স্নান

সমাপন হয় যদি কিংবা পুষ্করিণীর জলে। অনেক ক্ষেত্রেই আজকাল পূজা মণ্ডপেই নবপত্রিকাকে পৃথক পৃথক মন্ত্র ও দ্রব্য দিয়ে স্নান করানো হয় যেমন - উষ্ণদোকে কদলী, বাপীজলে (দীঘি বা পুষ্করিণীর জল) কচু শিশিরদোকে হরিদ্রা, সমুদ্রের জলে দাড়িম, পুষ্পোদোকে জয়ন্তী, সর্বৌষধি জলে বিল্বশাখা, সুগন্ধি জলে অশোক, রত্নদকে মান এবং তিলতৈল যুক্ত জলে ধান্যকে স্নান করানোর নিয়ম। কিন্তু এই নিয়ম রক্ষা করা সম্ভব হয় না বেশিরভাগ ক্ষেত্রেই। নবপত্রিকার স্নান দেবীর মহাস্নানের মতই আড়ম্বর পূর্ণ। স্নানের পর নবপত্রিকা গুলিকে অপরাজিতার লতা ও লাল সুতো দিয়ে বেঁধে, নতুন বস্ত্র পরিয়ে, সিন্দুর শোভিত করে একটি স্ত্রী মূর্তির রূপ দিয়ে গণেশের দক্ষিণে - অর্থাৎ ডানদিকে ভদ্রপীঠে স্থাপনা করা হয়। এই নবপত্রিকা রূপিণী মা দুর্গার প্রবেশ মন্ত্রটি ভক্তিভাবা পূর্ণ "হে চণ্ডীকে চলো চলো, চালয় চালয়. তুমি আমাদের হিতকারিনী। যতক্ষণ পূজা হয় ততক্ষন তুমি দেব মন্দিরে প্রবেশ করে স্থিতা হয়।" এইভাবে নবপত্রিকা প্রতিষ্ঠার পর প্রতিদিনই অর্থাৎ সপ্তমী, অষ্টমী ও নবমীতে দেবীর মূল পুজোর পর আবরণ দেবতা হিসেবে পৃথক পৃথক মন্ত্রে নবপত্রিকার প্রতিটি পত্রিকাকে পূজা করা হয় - সেই একই প্রার্থনায় ও মঙ্গল কামনায়। বিজয়া দশমীতে দর্পন বিসর্জন কালে নবপত্রিকার উদ্দেশ্যে বিসর্জন মন্ত্র পাঠ করে দেবীর সাথেই নবপত্রিকা কে জলে বিসর্জন দেওয়া হয়।

প্রকৃত পক্ষে নবপত্রিকা ও মৃন্ময়ী দূর্গা কোন ভাবেই পৃথক নয় - মায়ের এই দুই রূপকেই আহ্বান করে বলা হয় - "আবহয়ামি দেবী ত্বাং মৃন্ময়ে শ্রীফলে হপিচ". প্রতিটি পত্রিকা দেবী দুর্গার এক একটি শক্তি বা মাতৃকার প্রতীক - প্রণাম মন্ত্রে নবদুর্গা নামে প্রণাম করা হয় -

"পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেব মনোরমে
পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষামাং ত্রিদশেশ্বরী।"

নবপ্রতিকাকে কেউ কেউ গণেশের কলাবৌ বা কার্তিকের স্ত্রী ও বলে থাকেন. কিন্তু সামগ্রিক ভাবে নবপত্রিকা মহাশক্তি থেকে অভিন্ন, দুর্গার নয়টি বিভিন্ন প্রকাশরূপের একটি মিলিত রূপ।

পূজা মন্ত্রে এক একটি পত্রিকাতে দুর্গার এক একটি শক্তির কল্পনা করা হয়েছে, যেমন - রম্ভার (কদলী) অধিষ্ঠাত্রী দেবী ব্রহ্মাণী, কচুর দেবী কালিকা, জয়ন্তীর কৌমারী বা কার্তিকী, দাড়িমের অধিষ্ঠাত্রী দেবী রক্তদন্তিকা, অশোকের দেবী শোক রোহিতা, হরিদ্রার দেবী স্বয়ং দূর্গা, বিল্বের দেবী শিবা, মানের অধিষ্ঠাত্রী দেবী চামুন্ডা ও ধান্য হলেন লক্ষী। সুতরাং নবপত্রিকাই নবদুর্গা।

অবশ্য দেবী কবচ অনুযায়ী - পুরাকালে ব্রহ্মাই নবদুর্গার নাম করণ করেছিলেন " উক্তান্যে তানি নামানি ব্রহ্মানৈব মহাত্মনা" - নাম গুলি হলো শৈলপুত্রী, ব্রহ্মচারিনী, চন্দ্রঘন্টা, কুষ্মাণ্ডা,স্কন্দমাতা, কালরাত্রি, মহাগৌরী, সিদ্ধিদাত্রী ও কাত্যায়নী। শব্দকলাদ্রুম অভিধানে আবার নবদুর্গার নামগুলি অন্য প্রকার - রোহিনী, কালী, চন্ডিকা, শাম্ভবী, দূর্গা, ভদ্রা, কুমারিকা, ত্রিমূর্তি ও কল্যাণী।

কোথাও আবার দেখি নবদুর্গার কল্পনায় অষ্টমাতৃকা অর্থাৎ - বৈষ্ণবী, বারাহী, মহেশ্বরী, কৌমারী, নারসিংহী,চামুন্ডা ও ঐন্দ্রির সাথে দশ ভূজা কাত্যায়নী যুক্তা হয়েছেন।

কোথাও বা আবার দেবীর অষ্ট শক্তির রূপ বর্ণনা দেখি যেমন - উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চন্ডনায়িকা, চন্ডা, চণ্ডোগ্রা, অতিচণ্ডিকা, চহুরুপা, চণ্ডাবর্তী নামের সাথে রুদ্রচন্দা যুক্ত করে নবদুর্গার কল্পনাটি সম্পূর্ণ হয়েছে।

এই মহাবিশ্বে একই মহাশক্তির প্রকাশ নানারূপে, বিভিন্ন নামে ও কল্পনায় যুগে যুগে দেব ও মানব ভক্তগণ অভিব্যক্তি করেছেন।

কিন্তু এই নবপত্রিকার তরুলতা উদ্ভিদ ও বৃক্ষশাখাকে স্ত্রী শক্তির আধার রূপে কারা, কবে ও কখন কল্পনা করেছেন তা নিয়ে মতভেদ আছে।

নৃতত্ববিদগণ অনুমান করেন বৃক্ষ তরুলতাতে দেবশক্তির আরোপ করেছিলেন আর্যপূর্ব কৃষি নির্ভর অষ্ট্রিক গোষ্ঠী. এরাই প্রথম ভূমিতে চাষ বাস করে শস্য উৎপন্ন ও বৃক্ষপালন করেছিলেন এবং পরবর্তী কালে প্রকৃতি মায়ের দান সেই কৃষিজাত ফসল এবং বনানীর বৃক্ষ তরুলতা কে আপন ধর্ম বিশ্বাসের সঙ্গে যুক্ত করেছিলেন।

কিন্তু আবার দেখি ঋগ্বেদের অরণ্যানী সুক্তে অরণ্যকে নারী রূপে কল্পনা করে অঞ্জন গন্ধা, সুরভী ও অন্নের অধিষ্ঠাত্রী মাতারূপে বন্দনা করা হয়েছে। অর্থববেদে পৃথিবীসূক্তে পৃথিবীকে মাতৃ মূর্তি কল্পনা করা হয়েছে এবং ওষধিলতার মধ্যেও দেব শক্তির অনুভব লক্ষ্য করা যায়।
মার্কন্ডেয় (পুরাণ) চন্ডীতে দেবী বলেছেন শতবর্ষব্যাপী অনাবৃষ্টির পর পুনরায় আমি আবির্ভূত হব - ক্ষুদা তৃষ্ণাহর ফলমূল শাকাদির দ্বারা অখিল জগৎ পূর্ণ করবো এবং শাকম্ভরী নামে খ্যাত হব। অর্থাৎ শস্য ফল মূলেও মাতৃকাশক্তির প্রকাশ লক্ষ্য করা যায় পৌরাণিক যুগেও।
আর্য ও অন-আর্য উভয় সমাজেই প্রকৃতি উপাসনার সুস্পষ্ট ইঙ্গিত ও প্রণাম রয়েছে এবং আজকের ব্রত পার্বনে, বিভিন্ন পূজায় হরিদ্রা, কোলা, পান, সুপারী ও দূর্বা ও তরুনপল্লবের যে ব্যবহার তা এই উভয় গোষ্ঠীর ধর্ম বিশ্বাস ও সংস্কার এর মিলিত রূপ। ধর্ম বিশ্বাসের মাতৃ দেবতার প্রাধান্য, জীবনের সঙ্গে অরণ্যানী, কৃষীজ ফসলের গভীর সংযোগ এসবই এই দুই সব্যতা ও সংস্কৃতির বিশিষ্ট দান। তাই বৈদিক ও পৌরাণিক দূর্গা - চিন্ময়ী ও মৃন্ময়ী দূর্গা এবং লৌকিক শক্তিরূপা নবপত্রিকা সবই সেই একই মহাশক্তি মহামায়ার প্রতীক।

সশ্রদ্ধ কৃতজ্ঞতা জানাই
প্রবাজিকা সদাত্মপ্রাণা, শ্রী জাহ্নবী কুমার চক্রবর্ত্তী ও ডঃ মাধবী সমাজদারকে। বিশেষভাবে ঋণী নিবোধত পত্রিকার কাছে এঁদের এবং ১৩৯৪ এবং ১৪০৩ অশ্বিন সংখ্যা দুটি থেকে বহু তথ্য জানতে পেরেছি।

এই তথ্যমূলক রচনাটি, এই সংখ্যায় পূর্ণমুদ্রণ করা হলো, সবার নবপত্রিকার প্রকৃত অর্থ জানার জন্য।



*pc Sinjini Basu*

# প্রত্যয়

**মনোতোষ ভদ্র**
**স্ক্যানথ্রপ, ইংল্যান্ড**

মুকুন্দপুর রোড চলে গেছে
মুকুন্দপুরের দিকে,
মুকুন্দপুর জায়গাটা যে কোথায়
সেটা আমার জানা নেই।
আর দশটা পাঁচটা রাস্তার মতো একটা রাস্তা
এখানেই সোনালীর ব্যবসার সাম্রাজ্য।
বিকেল চারটের সময় দোকানের সামনের
মাটি টুকু জল ছিটিয়ে, ঝাড় দিয়ে,
দোকানের ঝাঁপি খুলে
একটা টুল নিয়ে বসে পড়ে সোনালী।
উনুনে আগুন দেয়
চায়ের জল বসাবে বলে,
কেটলিতে জল ঢালে আর
তার সঙ্গে চায়ের পাতা।
ছাঁকনিটা পাশেই আছে।
সূর্য্যদেব পশ্চিমে ঢলে পড়েছেন,
সোনালী নিজের মুখটা একবার
ঘষা আয়নায় দেখে নেয়।
সিঁথিতে লাল চওড়া পাড় সিঁদুর
কপালে একটা বড় সিঁদুরের টিপ।
বাদামি কালো মুখের উপরে
বেশ মানায়।
একটা যেন প্রতিজ্ঞাবদ্ধ জীবন,
এটা বোধহয়
আলগোছে সতর্কীকরণ।
শরীরের ভাঁজে সুডৌল হাতের উপরে
ব্লাউজ চেপে বসে আছে,
একটা নির্লিপ্ত গর্ব শরীরে ঘুরে বেড়াচ্ছে
সেটা উদ্ধত নয় আবার স্মিমিতও নয়।

খদ্দেরের ঢল নামে
একইসঙ্গে চার-পাঁচজন,
একজন বলে উঠলো লিকার চা
একজন, সামান্য দুধ দিয়ে
আরেকজন, দু চামচ চিনি
সোনালী খদ্দেরের কথাগুলো
একই সঙ্গে মনে রাখে
টেপ রেকর্ডারের মত।
তারই সঙ্গে একজন বলে ওঠে
একটা সাদা, একটা জর্দা, দিলীপ,
আর একজন, সাদা, কম খয়ের
তারই মধ্যে একজন চুটকি ও
পান পরাগের ছোট প্যাকেট চাইল।
সবাই যে যার টাকাটা
কাঠের পাটাতনের
উপরে রেখে দেয়।
খদ্দেরগুলো খুব মেপে কথা বলে আর
সঠিক দামটা সামনে রাখে।
একটা ক্যাপস্ট্যান্
উইলস ফিল্টার।
এই মুহূর্তে সোনালী দশভূজা।
সোনালী নির্বিকার,
এক এক করে সব খদ্দেরের
ফাইফরমাশ মেটায়।
অনায়াসে বলতে পারতো,
আমার তো মাত্র দুটো হাত, বলেনা,
চোখে মুখে কোথাও
এক ফোঁটা বিরক্তির চিহ্ন নেই।
ও কারো মুখের দিকে তাকায় না
ফাইফরমাশ গুলো মিটিয়ে চলে,
ওকে সাম্রাজ্য বিস্তার করতেই হবে।
সোনালীর দোকানের সামনে
একটা কাঠের তক্তা
দুদিকে ইটের পিলার দিয়ে বসানো।

এক কাপ চা পাঁচ টাকা
কিন্তু অনেকেই পাঁচ টাকার চা খেতে এসে
পনেরো টাকার গল্প করতে চায়,
সোনালী এসব বোঝে, কিন্তু আমল দেয় না।
এভাবেই বিকেল গড়িয়ে
সোনালীর দোকানে সন্ধ্যে নামে।
হ্যালোজেন বাতি জ্বলে ওঠে
কেটলিতে জল ফুটে বাষ্প হয়,
সোনালীর মুখে ক্লান্ত ঘাম জমে,
কাপড়ের খুঁট দিয়ে সেই ঘাম মুছে
সোনালী সাম্রাজ্যের স্বপ্ন দেখে।

এবার ঝাঁপি বন্ধ করতে হবে
বাড়ি গিয়ে হেঁসেলে ঢুকতে হবে,
কাল সকালে অনেক তাড়াতাড়ি
উঠে সাপ্লাই নিতে হবে,
সোনালীর অনেক কাজ
সংসারের কাজ
স্বামী ছেলেমেয়েকে সামলানোর কাজ
কাজের জন্যই বোধ হয় সোনালী জন্মেছে।

সোনালীরা নিজের জীবন দিয়ে
আর যে পাঁচটা জীবন গড়ে তোলে,
তার জন্য খেতাব নেই,মেডেল নেই
নেই জনতার হাততালি।
সোনালীরা এইটুকু বোঝে
যে এই বিশ্বসংসারের,
সংসারটা তার নিজের।
কর্তব্যের বেড়াজালে হাঁটতে হাঁটতে
জীবনের গোধূলিতে পৌঁছে যায় -
সোনালীরা।

# শেষের কবিতা ২০২২

**ঋ.**

**কলকাতা, ইন্ডিয়া**

এই গল্পের প্রেক্ষাপট শিলং পাহাড় নয়। এমনকি কোন শহরই নয়। এক ভার্চুয়াল আনাগোনার দেশে হঠাৎ-ই যোগাযোগ অরণ্য আর বনানীর। দু'পক্ষেই একটা হালকা দোলাচল কাজ করছিল। এই কি সেই? কুড়ি বছর আগের কোচিং ক্লাসের বুকে কাঁপন ধরানো মুখ? পৃথিবী এখন হাতের মুঠোয়। ইন্টারনেট এর দৌলতে কোন দূরত্বই দূর নয়। জগৎটা ভার্চুয়াল হলেও ফিলিংস গুলো তো সত্যি। তাই অরণ্যের ফ্রেন্ড রিকুয়েস্টে সাড়া দিয়ে বনানী বেশ রোমাঞ্চ অনুভব করল।

এরপর যা হয় আরকি। প্রথম প্রথম সাদামাটা কথা চলতে থাকে। পুরনো স্মৃতি। যদিও দুপক্ষই সতর্ক নিজেদের আসল অনুভূতি লুকিয়ে রাখার ক্ষেত্রে। কিন্তু যা গহনে তাকি লুকোনো সম্ভব? ধীরে ধীরে বনানী ধরা পড়তে থাকে অরন্যের মায়াজালে। ক্রমশ দুজনের উপলব্ধিতেই বোঝা যায় জমিয়ে সংসার করার অভিনয়ে দুজনই অপটু। আসলে অভ্যাসের দাস। এই দাস বৃত্তি থেকে মুক্তি দিতে পারে কেবল ভালোবাসা। কথায় কথায় একদিন-

অরণ্য:- জানিস আমি প্ল্যান করেছি এই চাকরি জীবন শেষ হলে কোথাও নির্জনে কাটাবো।

বনানী:- সে কি রে? নাম সার্থক করবি দেখছি? তা হঠাৎ এমন বানপ্রস্থের পরিকল্পনা?

অরণ্য:- হঠাৎ নয় রে, ইচ্ছে বহুদিনের, দায়-দায়িত্বের জালে হাঁপিয়ে উঠেছি। শেষের দিনগুলো তাই প্রাণভরে অক্সিজেন নিতে চাই।

বনানী:- কেমন স্বার্থপরের মত বললি।

অরণ্য:- কেন?

বনানী:- স্বার্থপর নয়? এত বছর সংসারে সুখ ভোগ করছিস আর শেষ বেলায় কেটে পড়বি?

অরণ্য:- সুখ? ভালো বললি।

বনানী:- কেন? সুখ নয়? স্ত্রী সন্তান...

অরণ্য:- তুই তো মাসীমা ঠাকুমাদের মত কথা বললি রে।না সংসারের পাকেচক্রে তোর ফিজিকস পড়া ব্রেইন চাপা পড়েছে।

বনানী:- ফিজিকস তো সমগ্র বিশ্ব সংসারেই। মহাকর্ষ টান। এই টান উপেক্ষা করা সহজ নয় রে। আর নয় বলেই দ্যাখ...

অরণ্য:- থামলি কেন?

বনানী:- সব বললে অনুভূতি বাঁচে কি? আজ টাটা কেমন?

হঠাৎ কেমন আছো মার্কা বনানী কথা শেষ করল। অরণ্য সিগারেটের রিং ছাড়তে ছাড়তে ভাবছে তবে কি পুরনো প্রেমকেই বনানী টান বলে অভিধা দিল?

পত্রালিকা আদ্যোপান্ত গিন্নি।সকাল থেকে নানা রকম শুচিবায়ু ক্রিয়া-কলাপ ছাড়াও ছেলেমানুষ করা এবং স্বামীটির ওপর নজরদারি দুটোতেই সে পারদর্শী। তবে আজকাল তার সন্দেহ আরও দানা বাঁধছে অরন্যের ইদানিং ঔদাসীন্যে। অবশ্য কোনোকালেই তার স্বামী খুব রোমান্টিক নয়। কিন্তু আজকাল কি একটু বেশি সময় মোবাইলে কাটাচ্ছে? কি জানি? আজ রাতেই এ নিয়ে কথা বলতে হবে।

পত্র:- সব সময় কি ওতো মোবাইল ঘাঁটো?

অরণ্য:- বুঝবে না পত্র, এখন তো সবকিছু মোবাইল মারফত ই হয়।

পত্র:- সব কিছু বোলো না। সংসার কি মানুষ মোবাইলে করতে পারবে?

অরণ্য:- সংসার? আরে বাবা বিয়ে যদি হতে পারে সংসার নয় কেন? এরপর তো শ্রাদ্ধ এমনকি ডিভোর্স ও মোবাইলেই হবে।

ডিভোর্স কথাটা অজান্তেই বেরিয়ে এল অরন্যের মুখ থেকে। সামাল দেবার জন্য সে একটু নেকি হাসলোও।


পত্র:- বুঝিনা বাবা কি এত ডিজিটাল ইন্ডিয়া, এতে কি সত্যি কাজ হয়?

কাজ যে হচ্ছে তা অরণ্য তার মনের চোরাস্রোতে বুঝছে। আজকাল বনানীর সাথে কথা না বললে তার মন কেমন আনচান করে। রাতে ঘুমনোর সময় বনানীর প্রোফাইল ফটোটা চোখে ভাসে। তবে কি অরণ্য আবার প্রেমে পড়ল? নতুন করে?
বনানীর ছিমছাম সংসার। সুপ্রতীক কাজ নিয়ে ব্যস্ত থাকে। 18 বছরের দাম্পত্যে তাদের দুইটি সন্তান। একটি মেয়ে ও একটি ছেলে। তারাও এখন তাদের নিজেদের জগত নিয়ে ব্যস্ত থাকে। বনানীর দিন কাটে গান, কবিতা, বাগান চর্চা করে। তবে আজকাল ফেসবুক এর দুনিয়ায় ও সে অনেক সময় কাটায়। বিশেষ করে পুরোনো বন্ধুদের হোয়াটসঅ্যাপ গ্রুপ টা বেশ মজাদার। কত জমানো কথা উঠে আসে। কত ফেলে আসা মুহূর্ত। আর... আর অরণ্য...
আচ্ছা ভালোবাসা কি বিয়ের পরে অন্য কারোর সাথে হতে নেই? কেন নেই? ভালোবাসার আবার আইন আছে নাকি?
কিন্তু বনানী এসব ভাবছো কেন? সুপ্রতীক তো তার অভাব কিছু রাখেনি। তাহলে? এটা কি?
সুপ্রতীক:- কি এত ভাবছো বনি?
বনানী:- হুঁ...না কিছু না, এমনি।
সুপ্রতীক:- কিছু তো বটেই। দেখো রাতে স্বামীর কাছে শুয়ে কিছু লুকোতে নেই। বলো বলো, বলে ফ্যালো।
বনানী:- তেমন কিছু নয় গো। ভাবছিলাম হিন্দুধর্মের বাণপ্রস্থের কথা।
সুপ্রতীক:- সেকি বনি তুমি আজকাল বাগান চর্চা ছেড়ে ধর্মচর্চা করছ নাকি?
বনানী:- আহ বলোনা? আমি বাণপ্রস্থে গেলে তোমার কেমন লাগবে?
সুপ্রতীক:- মন্দ লাগবে না। কারণ ভাগ্যবান এরা বউয়ের হাত থেকে ছাড়া পায়। তবে আমি কি সত্যিই এত ভাগ্যবান?
বনানী:- বটে ইয়ার্কি করছো? দেখো ছেলে মেয়েরা নিজেদের ক্যারিয়ার বেছে নিলে আমিও সংসারের চাবি ফেলে দেবো।
সুপ্রতীক:- বনানী যাবে বাণপ্রস্থে, সঙ্গে যাবে কে? বলি কার ভাগ্যে তার শিকে ছিঁড়েছে? হা, হা, হা... গুডনাইট বনি।
অরণ্য:- সুপ্রভাত।
বনানী:- আরে বল, কদিন তোর সাথে ঠিকমত কথাই বলে উঠতে পারিনি। বাচ্চাদের পরীক্ষা চলছিল রে। তা কেমন আছিস?
অরণ্য:- ঠিকঠাক, শোন না আজ বিকেলে ফ্রী আছিস? চল কফি খাই।
বনানী:- মানে? দেখা করবো?
অরণ্য:- কেন? এনি প্রবলেম?
বনানী:- না তা নয়, তবে যা বুড়িয়ে গেছি চিনতে পারবি তো?
অরণ্য:- বয়স হোক তোর সত্তুরের। তুই আয় তো, আমি ঠিক চিনে নেব তোকে।
বনানী সারা দুপুর ভাবলো। এত দিন পরে আবার দেখা করবো? করলেই বা কি? এখন তো আর বাঁধ ভাঙার ভয় নেই। দু কুড়ি বয়স হয়ে গেছে। অরন্যর চুলেও সাদা রেখা নিশ্চয়ই দেখা গেছে। এখন তো নির্ভেজাল বন্ধুত্ব।
অনেক ভেবে বনানী হালকা সবুজ একটা ঢাকাই পড়লো। খানিক লিপস্টিক ও লাগালো। নিজের মনে নিজেই হাসলো, সেকি অভিসারে যাচ্ছে?
অরণ্য:- বল ক্যাপুচিনো না ব্ল্যাক কফি?
বনানী:- তোর যা ইচ্ছে বল।
অরণ্য:- তুই এখনো এতটাই সুন্দরী আছিস যে ভাবলাম হয়তো ডায়েট কনসাস তাই ব্ল্যাক কফি।
বনানী:-হাসালি বটে। তবে শোন এখন সৌন্দর্যের থেকেও স্বাস্থ্যের খাতিরে অনেক কিছু ছাড়তে হয়েছে।
অরণ্য:- কত বয়েস তোর?

বনানী:- কেন তোর যা বয়েস
অরণ্য:- আমার তো 2020। এরপর আর বাড়তে দেবো না।
বনানী:- মানে? তুই কি সুকুমার রায়ের মতো আরম্ভ করলি?
অরণ্য:- আলবাত, আর তোর বয়স বাড়তে দেবো না।
বনানী:- বোঝো, আবার আমায় নিয়ে টানাটানি?
অরণ্য:- তোমায় নিয়ে টানাটানি
তুমি আমার অনেক খানি।
বনানী:- বাবাঃ আবার কাব্যি? হ্যাঁরে এখনো কবিতা টবিতা লিখিস নাকি?
অরণ্য:- লিখি না তবে ভাবছি আবার শুরু করব। মরার আগে মরব না।
বনানী:- এই কথাটা ভালো বললি।
অরণ্য:- এটা তো তোরই রবি ঠাকুরের কথা।
বনানী:- সন্না অরণ্য আমরা যে বন্ধুরা সব একসাথে হয়েছি, চল না কিছু একটা করি।
অরণ্য:- কি করতে চাস বল?
বনানী:- কিছু একটা, সবাই মিলে হৈ হৈ করে বাঁচি।
অরণ্য:- বাঁচতেই তো চাই, তাই তো আজ...
বনানী:- আজ?
হঠাৎ দুজনের চোখে চোখ আটকে গেল। বাঁচার জন্য একমাত্র রসদ ভালোবাসাকে আঁকড়ে ধরার অভিব্যক্তি।
বাড়ি ফিরে বনানীর নিজেকে বেশ ফুরফুরে লাগছে আরম্ভ করলো। আকাশ আর মিশাও খুশি তাদের মাকে প্রাণ খুলে হাসতে দেখে।
আর অরণ্য? সেও যেন সব কাজের উদ্যম খুঁজে পাচ্ছে। বাড়ি ফিরেই ফ্রেশ হয়ে কবিতার খাতাটা নিয়ে বসলো।
পত্র:- একি? রাতের বেলায় উদ্যোগ লিখতে বসলে যে? সারাদিন খেটেখুটে এখন একটু ঘুমাবো তা নয় তুমি আবার আলো জ্বেলে বসলে।
অরণ্য:- আমার কোন কিছুই তো তোমার কোনদিনই পছন্দ নয়। কি আর করা যায় বলো?
পত্র:- তুমি সমাধান চাও?
অরণ্য:- যদি শান্তি বিঘ্নিত না হয়, তবে সেটাই তো ভালো। তাই নয় কি?
পত্র:- বেশ তবে ভাবো, আমাকে জানিও, এখন আমি ঘুমোলাম।
সেদিন রাতে অরণ্য বন্ধুদের গ্রুপে তার কবিতাটা পোস্ট করল। সবাই বেশ উচ্ছ্বসিত। তবে বনানী যেন চুপ। নাকি, গভীরে গভীরে সে এতটাই খুশি যে কেবল অরণ্যই হয়তো তার একমাত্র দাবিদার।
নিয়মের বাধার বাইরে, তার উচ্ছ্বাস, ভালোলাগা সবটাই বুঝি অপরিমেয়। অনেকদিন পর অরন্যের বেশ হালকা লাগছে। আজ নিশ্চিন্তে ঘুমাতে পারবে।
ওদিকে বনানীর দুচোখে ঘুম নেই। অরণ্য কি ওকে সত্যিই ভালোবেসে ফেলেছে? কবিতাটা যে তাকে নিয়েই লিখেছে সে আর বলার অপেক্ষা রাখে না। গ্রুপ-এর কেউ আঁচ পায়নি তো? ভালোবাসা আর ক'জন বোঝে?
ক্রমে ক্রমে বনানীর সাথে অরন্যর একান্ত আলাপচারিতা মাস্ট হয়ে পরলো। গ্রুপের বাইরে ওদের দুজনের বাক্যালাপ আরো গভীর হতে লাগল। অরণ্য যেন আলাদা করে ভরসা পায় বনানীর কন্ঠস্বরে।আর বনানী ও যেন সেই কোচিং ক্লাসের খুকিটি হয়ে পড়ছে।
নামহীন এই সম্পর্কে দুজনেই দুজনের কাছে বড় প্রয়োজনীয় হয়ে উঠেছে। এর ভবিতব্য নিয়ে দুজনেই ভাবে, কিন্তু দিশা পাই না। ভালোবাসা এক শাশ্বত সত্য যাকে প্রতিষ্ঠা করা সহজ কাজ নয়।
এরমধ্যে ওদের whatsapp গ্রুপের বন্ধুদের হুজুগ উঠলো পুজোর পর বন্ধুরা মিলে বাইরে কোথাও বেড়াতে যাওয়ার।

পাহাড় সমুদ্র তর্ক মিটিয়ে পাহাড় ই জিতল। আবার দার্জিলিং না শিলং এসব ভাবতে ভাবতে শিলং ভোট পেল।
বিজয়া দশমীর দিন ফ্লাইট সবাই এয়ারপোর্টে একত্রিত হবে এরকমই ঠিক হলো। ফ্যামিলি বাদ দিয়ে কেবল বন্ধুদের সাথে এরকম আউটিং বেশ রোমাঞ্চকর।
অরণ্য ও পত্রলেখা কে বাপের বাড়িতে গ্যারেজ করে এয়ারপোর্ট যাওয়ার প্ল্যান করল। পত্রলেখা ও ছেলেকে শ্বশুরবাড়িতে ছাড়তে যাওয়ার সময় গাড়িতে...
পত্র:- যাক বাবা কটা দিন একটু মার কাছে আরাম করবো। হেঁসেল থেকে ছুটি। তা তুমি ফিরছো কবে?
অরণ্য:- হুঁ, ওই তো দিন তিনেক পর। তোমরা কি তার মধ্যে ব্যাক করবে?
পত্র:- মাথা খারাপ? তুমি ঘোরো, আমি সাত দিনের আগে ফিরছি না। আর এখন বাবা নেরও পড়ার চাপ তেমন নেই।
অরণ্য:- আচ্ছা বেশ। কর্ত্রীর ইচ্ছেয় কর্ম।
পত্র:- হ্যাঁ, কত আমার ইচ্ছেয় চলো!! বল খুশি হলে মনে মনে? তা বন্ধুদের সাথে বান্ধবী কজন যাচ্ছে?
অরণ্য:- আহ পত্র, ছেলের সামনে শুরু কোরোনা প্লিজ।
পত্র:- বেশ, আমি কিছুই বলবো না, শুধুই দেখবো...
ওদিকে বনানী সব ব্যাগ ব্যাগ নিয়ে রেডি। মিশা তার মার মেকআপ কিট ঠিক করে দিয়েছে। সুপ্রতীক বসে চা খাচ্ছিলো। বেরোনোর সময়...
সুপ্রতীক:- চলো বনি আমি তোমায় ড্রপ করে আসি।
বনানী:- না, না, শুধু শুধু গাড়ি বের করতে হবে না। আমি একটা cab নিয়ে নেব।
সুপ্রতীক:- আরে আবার cab কেন? বাড়িতে গাড়ি আর ড্রাইভার আমি তো আছিই। তাছাড়া তোমার বন্ধুদের সাথেও আলাপ হয়ে যাবে।
বনানী:- প্লিজ এখন থাক। তুমি বরং ফেরার সময় আনতে যেও। এইবার টা থাক। তুমি একটু ছেলে-মেয়েদের সঙ্গে থাকো।
সুপ্রতীক:- অগত্যা, ম্যাডাম যা বলবেন। তবে বনি, তোমার এই sudden change... I like it!
বনানী:- change? মানে?
সুপ্রতীক:- আরে আমি appreciate করছি। আমার বউ smart হয়ে গেছে। এতো আমার গর্বের বিষয়। সাবধানে যেও।
বনানী:- হ্যাঁ, আসছি... তোমরাও সবাই ঠিক থেকো
বনানীর এহেন একা বেরোনোর প্লানে সুপ্রতীক অবাক হলেও প্রগতিশীল প্রতিপন্ন করার তাগিদে নিজের সন্দেহ সে লুকিয়ে রাখল। তাছাড়া একদল মানুষ যাচ্ছে তো, দু'চারজন তো নয়।
এয়ারপোর্টের দিকে যেতে যেতে অরণ্যও আজ একটু দ্বিধায়। সত্যিই বনানী আসবে তো?
এয়ারপোর্টের লঞ্চে প্রায় সবাই-ই পৌঁছে গেছিল। বাকি ছিল বনানী। দৃপ্ত, ঐষা, কাকলি বনানী কে দেখে হই হই করে উঠলো। "কিরে তুই তো ডোবিচ্ছিলি প্রায়"। বনানী মৃদু হেসে ইতি উতি তাকাচ্ছে, তার দুচোখ খুঁজছে অরণ্যকে। হঠাৎ পিছন থেকে ---
অরণ্য:- এসেছো?
বনানী:- (চমকে) না এসে পারি কি করে, ওই যে মহাকর্ষ...
প্লেন ছাড়তেই একরকম আনন্দ আকাশপথে ছড়িয়ে পড়ল।
গৌহাটি থেকে by road almost 2 hours। শিলংয়ে ওদের হোটেল ঠিক করাই ছিল। সুন্দরী শিলং এ, মধ্য বয়সি কিছু ছেলে মেয়ে সবুজের মধ্যে নিজেদের মনকেও সবুজ করে ফেলল। নিয়ম ভাঙার মধ্যে সত্যিই কি অদ্ভুত আনন্দ লুকিয়ে থাকে।
পরদিন সকালে বনানী হোটেলের লনে পায়চারি করছিল। হঠাৎ অরণ্য এসে বলল...


অরণ্য:- চল চল।
বনানী:- এই সাতসকালে কোথায় যাব? সবাই তো এখন ঘুমোচ্ছে!
অরণ্য:- যে ঘুমোচ্ছে ঘুমোক না। আমার দরকার তোকে। তুই চল।
বনানী:- ওরে আজ তো চেরাপুঞ্জির ট্রিপ আছে! এখন কোথায় যাব?
অরণ্য:- আমার ওপরে তোর ভরসা আছে কি?
বনানী:- বারে, ভরসা না করলে আর এতদূর এলাম কি করে?
অরণ্য:- বেশ তবে আর কোন কথা নয়, আয়।
বনানী:- ওরে বাবা চেঞ্জ টা তো করতে দিবি, নাকি?
অরণ্য:- নাহ্, যেমনটি আছিস, তেমনটিই চল। ভোরের শিশিরের মতো।
বনানী আর কথা বাড়ালো না, কিছু একটা তাকেও টানছিল। সে গাড়িতে উঠে বসলো। কিছুক্ষণ পরে গাড়ি এসে থামল এক সাজানো কটেজের সামনে।
অরণ্য:- আয়, কোথায় এলাম বলতো?
বনানী:- কোথায়?
অরণ্য:- এজে তোর প্রাণের ঠাকুরের বাড়ি। শেষের কবিতায় এখানকারই যে উল্লেখ করে গেছেন।
বনানী:- সত্যিই? নাহ্, তোকে বিশ্বাস করে ঠকিনি দেখছি!
অরণ্য:- ঠকবি না... কথা দিলাম।
বনানী:- মানে?
অরণ্য:- মানে আজ এই দুই হাজার কুড়ি সালে দাঁড়িয়ে অমিত তার লাবণ্যকে কথা দিচ্ছে শেষের দিনগুলো সে তার হাত কখনো ছাড়বে না।
বনানী কথা খুঁজে পাচ্ছে না। দু চোখ দিয়ে টুপটাপ জল ঝরে পড়ল। হে অরন্যের দুহাতের মধ্যে ধরা দিল।
অরণ্য:- বন্য আজ থেকে আমরা এক অন্য কবিতা লিখবো। আমরা আলাদা হলেও এক থাকব, সংসারের দায়ভার চুকিয়ে এই নিভৃত কোণে তোর সাথে কাটাবো। কিরে এই কবিতা লেখায় তুই আমার সাথ দিবিতো?
বনানী:- পৃথিবী কখনো সূর্যের মহাকর্ষ উপেক্ষা কি করতে পারে অরণ্য? আমার মুক্তি তো তোর কাছেই।
অমিত লাবণ্য তাদের ভালোবাসা বাঁচিয়ে রেখেছিল বিদায় দিয়েও... কিন্তু অরণ্য ও বনানী এক নতুন ভালোবাসার জন্ম দিল...যেখানে শরীর শরীরকে স্পর্শ না করে ও দুটো মন জুড়ে থাকার অঙ্গীকার।তাদের চলার পথ হয়তো সুগম হবে না। কিন্তু যেখানে ভালোবাসা বলিয়ান তার পথ রোধ করবে এমন সাধ্যি কার? দায়িত্বের অবসানে অরণ্য আর বনানী একে অপরের সান্নিধ্য এক নতুন জীবন শুরু করবে।
শেষের কবিতা কখনো শেষ হয় না। যুগে যুগে তা প্রাসঙ্গিক, হয়তো সময়ের রূপ রেখায় তার শেষটুকু সে বদলে নেয় ভালোবাসার শক্তিতে।



# আগমনী

**স্বর্গতা প্রতিমা দেবী**

আকাশ পথে বলাকার যায় বেঁকে
সাদা কাশফুলে প্রান্তর গেছে ঢেকে।
পাতার আড়ালে 'বউ কথা কও' ডাকে
আকাশ ভরেছে সাদা স্তূপ মেঘে
শারদ প্রাতে মনে গান জাগে।
শাপলা শালুকে ভরেছে দীঘি
স্তব্ধ দুপুরে ঘুঘু ওঠে ডাকি -
মাসেক পরে আসিবে শারদ জননী
আকাশ বাতাস গায় আগমনী।
সারাটি বছর প্রতীক্ষার পরে জননী আসিবে ঘরে -
শিউলির মালা কন্ঠেতে শোভে,
চরণপদ্ম ঢেকেছে পদ্মে -
ওরে আয় ত্বরা করে মা আসিবে ঘরে,
দুঃখী সন্তানে কোলে নিতে, অন্নহীনে অন্ন দিতে।
দুঃখ নিশার হবে অবসান
আনন্দে গাহ আগমনী গান।।



*pc Google*

মা'র অভিষেকে এসো এসো ত্বরা

# জলরঙের ছবি


**ঋত্বিকা ঘোষ**

**জার্সি আইসল্যান্ড, ইউ.কে**


**রা**ত তখন প্রায় বারোটা, বুকের ভেতরের দামামাটা যাতে একটু কম অনুভূত হয় তাই রূপকথা কানে হেডফোন গুঁজে বসে। বিগত দুঘন্টায় সে একবারও চোখ সরায়নি উড়ানের টাইমটেবল থেকে। আশেপাশে সারিসারি মানুষ,কেউ বসে কেউ দাঁড়িয়ে, কেউবা খুঁজে বেড়াচ্ছে যদি কেউ বলতে পারে কখন এই অনন্ত অপেক্ষার অবসান ঘটবে। রূপকথা হিথরো বিমানবন্দর দিয়ে বহুবার যাতায়াত করেছে কিন্তু এমন অসহায় রাত তার মনে পড়ে না।

